কাজকেরিয়ারের খবর দ্রুত পেতে 9051147904 নম্বরে 'Hi' দিয়ে Whatsapp গ্রুপে Add হন।

লেটেস্ট আপডেট পেতে আমাদের ফেসবুক পেজ লাইক ও ফলো করুন
www.fb.com/kaajcareer

পেশা ও কর্মজগতের নতুন দিগন্ত

# কাজকেরিয়ার

# KAAJ CAREER

Weekly Employment Newspaper

যাবতীয় চাকরির খবরের লেটেস্ট আপডেট পেতে ও ই-পেপার ডাউনলোড করতে Join করুন Kaajcareer Telegram Channel

Subscribe Youtube
https://youtube.com/@kaajcareer1916

Visit https://kaajcareer.in

Vol - 20 • Issue No. 18 • 13 May, 2026, Wednesday RNI No. WBBEN/2006/18125 Bengali: 29 Baisakh, 1433 • Price Rs. 5.00/-




# HEARTIEST CONGRATULATIONS TO THE NEWLY ELECTED WEST BENGAL GOVERNMENT

*With best wishes from:*

**KAAJ CAREER**
Bengali job oriented newspaper
https://www.kaajcareer.in
kaajcareerportal@gmail.com

**AMAR BANGLA**
Bengali online news portal
https://www.amarbangla.co.in
amarbanglaportal@gmail.com

**Bidhannagar North Society for Social Welfare**
*Sri Madhusudan Chakraborty, Secretary,*
BD-72, Ground Floor, Sector-I, Salt Lake City, Kolkata, West Bengal - 700064

কাজকেরিয়ারের খবর দ্রুত পেতে 9051147904 নম্বরে 'Hi' দিয়ে Whatsapp গ্রুপে Add হন।

লেটেস্ট আপডেট পেতে আমাদের ফেসবুক পেজ লাইক ও ফলো করুন
www.fb.com/kaajcareer

পেশা ও কর্মজগতের নতুন দিগন্ত

# কাজকেরিয়ার

# KAAJ CAREER

Weekly Employment Newspaper

সার্বিক চাকরির খবরের লেটেস্ট আপডেট পেতে ও ই-পেপার ডাউনলোড করতে Join করুন
Kaajcareer Telegram Channel

Subscribe Youtube
https://youtube.com/@kaajcareer1916

Visit https://kaajcareer.in

Vol - 20 • Issue No. 18 • 13 May, 2026, Wednesday | RNI No. WBBEN/2006/18125 | Bengali: 29 Baisakh, 1433 • Price Rs. 5.00/-

কার্পেন্টার, কোপা, ড্রাফটসম্যান, ইলেক্ট্রিক্যাল, ফিটার সহ বিভিন্ন ডিসিপ্লিনে

## ৮৩৫ ট্রেনি অ্যাপ্রেন্টিস দক্ষিণ-পূর্ব-মধ্য রেলে

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** কার্পেন্টার, কোপা, ড্রাফটসম্যান, ইলেক্ট্রিশিয়ান, ফিটার সহ বিভিন্ন ট্রেডে অ্যাক্ট অ্যাপ্রেন্টিস নিচ্ছে সাউথ ইস্ট সেন্ট্রাল রেলের বিলাশপুর ডিভিশনে। সব ট্রেডে ১ বছরের অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং হবে অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ –র অধীনে। ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড পাবেন ছত্তিশগড় সরকারের নিয়ম অনুযায়ী। ট্রেনিং এমপ্লয়ার চাকরি দিতে বাধ্য থাকবে না।

ডিআরএম অফিস, রাইপুর ডিভিশনে: মোট আসন ১,৩৬৩টি। এরমধ্যে থেকে ওয়েল্ডার: আসন ২৬২টি (অসং ১০৫, তঃজাঃ ৩৯, তঃউঃজাঃ ২০, ওবিসি ৭২, আর্থিকভাবে দুর্বল ২৬ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১০, প্রাক্তন সমরকর্মী ২৬)। টার্নার: আসন ২৮টি (অসং ১১, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ওবিসি ৮, আর্থিকভাবে দুর্বল ৩ এবং এদের মধ্যে থেকে শারীরিক

......... এরপর ৩ পাতায়

ইলেক্ট্রিক্যাল, ইঞ্জিনিয়ারিং সহ বিভিন্ন ডিসিপ্লিনে

## কোল ইন্ডিয়ায় ৬৬০ ম্যানেজমেন্ট ট্রেনি

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** ম্যানেজমেন্ট ট্রেনি (এমটি) পদে ৬৬০ জনকে নিচ্ছে কোল ইন্ডিয়া লিমিটেড (সিআইএল), কর্পোরেট সদর দপ্তর, কলকাতা। এটি ভারত সরকারের কয়লা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। প্রথমে ১ বছরের ট্রেনিং কাম প্রবেশন। সফল ট্রেনিং/প্রবেশন শেষে নিয়োগ হবে ই-১ গ্রেডে, অফিসার হিসেবে।

ম্যানেজমেন্ট ট্রেনি (এমটি): ব্যাকলগ ও প্রতিবন্ধী সংরক্ষণ সহ মোট শূন্যপদ ৬৬০টি। এরমধ্যে- সিভিল ডিসিপ্লিনে (পোস্ট কোড ১১): ১৭৮টি, ইলেক্ট্রিক্যাল ডিসিপ্লিনে (পোস্ট কোড ১২): ২২১টি, মেকানিক্যাল ডিসিপ্লিনে (পোস্ট কোড ১৩): ১৪৫টি, সিস্টেম (আইটি/ সিএস) ডিসিপ্লিনে (পোস্ট

......... এরপর ৩ পাতায়

ইলেক্ট্রিক্যাল ও ইলেক্ট্রনিক্স শাখায় আইটিআইদের থেকে

## মহানদী কোলফিল্ডস লিমিটেডে ৫০০ ট্রেনি

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** অ্যাসিস্ট্যান্ট ফোরম্যান (ইলেক্ট্রিক্যাল) (ট্রেনি) এবং টেকনিশিয়ান (ইলেক্ট্রিশিয়ান) (ট্রেনি) পদে ৫০০ জনকে নিচ্ছে কোল ইন্ডিয়া লিমিটেডের সহযোগী প্রতিষ্ঠান ওড়িশার মহানদী কোলফিল্ডস লিমিটেডে (এমসিএল)। নীচের মতো যোগ্যতার ভারতীয়রা আবেদন করতে পারেন।

অ্যাসিস্ট্যান্ট ফোরম্যান (ইলেক্ট্রিক্যাল) (ট্রেনি) টি অ্যান্ড এস গ্রুপ-সি (ই অ্যান্ড এম): মোট শূন্যপদ ১৫০টি (অসংরক্ষিত ৬০, তফশিলি জাতি ২৪, তফশিলি উপজাতি ৩৩, ওবিসি ১৮, আর্থিকভাবে কমজোর প্রার্থী ১৫ এবং এসবের মধ্যে থেকে প্রতিবন্ধী ৬)। ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে

......... এরপর ৪ পাতায়

আন্দামান-নিকোবর পুলিশে গ্রুপ-বি ও গ্রুপ-সি পদে

## ৪৯৫ সাব-ইনস্পেক্টর, কনস্টেবল, টেইলর

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** সাব-ইনস্পেক্টর, কনস্টেবল, ফলোয়ার টেইলর সহ বিভিন্ন পদে ৪৯৫ জন তরুণ-তরুণীকে নিচ্ছে আন্দামান-নিকোবর পুলিশে। গ্রুপ-বি এবং গ্রুপ-সি পদে নিয়োগ হবে এক্সিকিউটিভ ব্রাঞ্চ, পুলিশ রেডিও অর্গানাইজেশন, পুলিশ মোটর ট্রান্সপোর্ট সহ বিভিন্ন বিভাগে।

এক্সিকিউটিভ ব্রাঞ্চে: মোট শূন্যপদ ২১৬টি। এরমধ্যে থেকে সাব-ইনস্পেক্টর (এক্সিকিউটিভ): শূন্যপদ ২৮টি (অসং ৪, তঃউঃজাঃ ৪, ওবিসি ১৯, আর্থিকভাবে দুর্বল ১)। ব্যাচেলর ডিগ্রি পাশরা হালকা গাড়ি চালানোর বৈধ লাইসেন্সধারী হলে আবেদন করতে পারেন।

কনস্টেবল (এক্সিকিউটিভ): শূন্যপদ ১৫৫টি (অসং ৬৬,

......... এরপর ৪ পাতায়

ভারতীয় স্টেট ব্যাঙ্কে

## ১০০ অফিসার

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** ট্রেড ফিনান্স অফিসার এমএমজিএস-II পদে ১০০ জনকে নিচ্ছে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ায়। নিয়োগ হবে রেগুলার ভিত্তিতে স্পেশালিস্ট ক্যাডার অফিসার পদে। নীচের মতো যোগ্যতার ভারতীয়রা আবেদন করতে পারেন। অফিসারদের ভারতের যে কোনও অফিসে পোস্টিং/ বদলি হতে পারে। অথবা ব্যাংকের সহযোগী প্রতিষ্ঠান, সাবসিডিয়ারি কিংবা অন্য কোনও সংস্থায় ডেপুটেশনে পাঠানো হতে পারে। নির্দিষ্ট স্থান বা অফিসে

......... এরপর ৬ পাতায়

ভারতীয় বায়ুসেনায়

## কয়েকশো অফিসার

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** বিভিন্ন কোর্স করিয়ে কমিশন্ড অফিসার পদে কয়েকশো জন অবিবাহিত তরুণ-তরুণীকে নিচ্ছে ইন্ডিয়ান এয়ারফোর্সে। নিয়োগ হবে AFCAT এন্ট্রিতে শর্ট সার্ভিস কমিশনের ফ্লাইং ও গ্রাউন্ড ডিউটি (টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল) ব্রাঞ্চে এবং এনসিসি স্পেশ্যাল এন্ট্রির অধীনে পার্মানেন্ট/ শর্ট সার্ভিস কমিশনের ফ্লাইং ব্রাঞ্চে। কোর্সগুলি

.... এরপর ৬ পাতায়

আর্চারি, বক্সিং, অ্যাথলেটিক্স সহ বিভিন্ন ডিসিপ্লিনে

## সশস্ত্র সীমাবলে ৪৪০ কনস্টেবল নিয়োগ

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** কনস্টেবল (জেনারেল ডিউটি) পদে আর্চেরি, অ্যাথলেটিক্স, বক্সিং, বাস্কেটবল প্রভৃতি ৪০৪ জন পুরুষ ও মহিলা খেলোয়াড়কে নিচ্ছে ভারত সরকারের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন সশস্ত্র সীমা বলে (এসএসবি)। অস্থায়ী নিয়োগ হবে ২০২৬ সালের স্পোর্টস কোটার আওতায়, জেনারেল সেন্ট্রাল সার্ভিস, গ্রুপ 'সি' নন-গেজেটেড (নন-মিনিস্টেরিয়াল) কমব্যাটাইজড পদে। প্রথমে অস্থায়ী নিয়োগ হলেও ভবিষ্যতে স্থায়ী হওয়ার সম্ভাবনা আছে। নীচের মতো যোগ্যতার ভারতীয় পুরুষ ও মহিলা প্রার্থীরা আবেদন করতে পারেন।

খেলোয়াড় নেওয়া হবে মোট ২৮টি ক্রীড়াক্ষেত্র থেকে। ডিসিপ্লিন/ ক্রীড়াক্ষেত্র অনুযায়ী পুরুষ ও মহিলাদের জন্য শূন্যপদ:- আর্চেরি (পুরুষ ও মহিলা): ১৪টি (পুরুষ ৭টি,

.... এরপর ৮ পাতায়

ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, কম্পিউটার সায়েন্স শাখায়

## ১৫০ ইঞ্জিনিয়ার, টিম লিডার, সুপারভাইজর

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** অ্যাসিস্ট্যান্ট প্রোজেক্ট ম্যানেজার, টিম লিডার, ফিল্ড ইঞ্জিনিয়ার, ফিল্ড সুপারভাইজর সহ বিভিন্ন পদে ১৫০ জনকে নিচ্ছে ওয়াপকস লিমিটেডে। এটি ভারত সরকারের অধীনস্থ একটি সংস্থা।

অ্যাসিস্ট্যান্ট প্রোজেক্ট ম্যানেজার: শূন্যপদ ৩টি। ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের বি ই/ বি টেক ডিগ্রি পাশরা পাওয়ার ডিস্ট্রিবিউশন সেক্টরে ১৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন।

টিম লিডার: শূন্যপদ ৯টি। ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের বি ই/ বি টেক ডিগ্রি পাশরা পাওয়ার ডিস্ট্রিবিউশন সেক্টরে ৮ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন।

স্মার্ট মিটারিং এক্সপার্ট: শূন্যপদ

.... এরপর ৮ পাতায়

https://kaajcareer.in

# সম্পাদকীয়

বর্ষ ২০ • সংখ্যা ১৮

ইং-১৩ মে, ২০২৬ ● বাং- ২৯ বৈশাখ, ১৪৩৩

## বাংলার মুখ্যমন্ত্রী শুভেন্দু

বাংলার মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। তাঁর বাবা শিশির অধিকারী প্রবীণ রাজনৈতিক নেতা। এখনও রাজনীতিতে তাঁর নাম জ্বলজ্বল করে। আর সেই অধিকারী পরিবারেরই মেজ ছেলে শুভেন্দু বাংলার মুখ্যমন্ত্রী। শপথ গ্রহণ করলেন মুখ্যমন্ত্রী পদে। বাংলায় বিজেপি সরকারের প্রথম মুখ্যমন্ত্রী হিসাবে তাঁর নাম লেখা স্বর্ণাক্ষরে। শুভেন্দুকে বাংলার জনগণ বেশির ভাগ সময়ই খুব ‘রাফ অ্যান্ড টাফ’ হিসাবে দেখেছেন। তাঁর বক্তৃতা ও ঝাঁঝাল আক্রমণ দেখতে অভ্যস্ত সকলে। বিভিন্ন রাজনৈতিক মঞ্চ থেকে তিনি বিরোধীদের কড়া ভাবে আক্রমণ করেন। একটা সময় প্রাক্তন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কেও চ্যালেঞ্জ ছুঁড়েছিলেন তাঁকে হারাবেন ভোটে। ঠিক তেমনই হয়েছে। দু’বার তিনি হারিয়েছেন তাঁকে। কিন্তু রাজনীতির ময়দানে তিনি যতই কঠোর হোন না কেন, বাড়িতে কিন্তু আর পাঁচটা বাঙালি ছেলের মতো জীবন-যাপন করেন। অন্তত তেমনটাই বলেছে তাঁর মা গায়েত্রী অধিকারী। তিনি জানিয়েছেন, ঘরে থাকলে তাঁর মেজ ছেলে কী খেতে ভালবাসেন। গায়েত্রী দেবীর কথায়, তাঁর বাকি ছেলেরা দুষ্টু হলেও শুভেন্দু কিন্তু বরাবরই ঠান্ডা স্বভাবের। শুভেন্দু-র রাজনৈতিক উত্থান একনজর দেখে নেওয়া যাক: ১৯৭০ সালের ১৫ ডিসেম্বর জন্ম। কাঁথির প্রভাত কুমার কলেজে ছাত্র রাজনীতিতে হাতেখড়ি। জাতীয় কংগ্রেসের ছাত্র পরিষদের হয়ে রাজনৈতিক জীবন শুরু হয়েছিল। ১৯৯৫ সালে কাঁথি পুরসভার কংগ্রেস কাউন্সিলর হন। ১৯৯৮ সালে তৃণমূলে যোগদান করেন শুভেন্দু অধিকারী। ২০০৬ সালে দক্ষিণ কাঁথি কেন্দ্র থেকে প্রথমবার বিধায়ক নির্বাচিত হয়েছিলেন।

**কাজকেরিয়ার**

**বিশেষ বিজ্ঞপ্তি**

কাজকেরিয়ার বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনও সংস্থার বিজ্ঞাপন বা নিয়োগ বিজ্ঞপ্তি, আইনি সমস্যা সৃষ্টি করলে বা সেটির কারণে কারও আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে তার যাবতীয় দায়-দায়িত্ব বর্তাবে ওই বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরেই। এছাড়া কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের পরিপ্রেক্ষিতে আবেদন বা সাক্ষাৎকারের সময় টাকা চাওয়া হলে সাবধানতা অবলম্বন করা একান্ত প্রযোজ্য এবং তা প্রদান করা সম্পূর্ণ যুক্তিসঙ্গত কিনা তাও খতিয়ে দেখে নেবেন। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে কাজকেরিয়ার বা এফেক্ট পাবলিকেশন তারজন্য কোনওভাবেই দায়ী থাকবে না। — *সম্পাদক*

**— চিঠিপত্র বিভাগ —**

চাকরি, ব্যবসা, বাণিজ্য, পড়াশুনা-কোর্স ও পরীক্ষা সংক্রান্ত যে কোনও বিষয়ে জানতে আগ্রহী হলে আমাদের এই বিভাগে চিঠি লিখে জানতে পারেন। আমরা যথাসময়ে আপনার নাম-ঠিকানা উল্লেখে সেই চিঠির উত্তর দেব।

**ঠিকানা ঃ বিডি-৭২, সেক্টর-১, সল্টলেক সিটি, কলকাতা, পশ্চিমবঙ্গ -৭০০ ০৬৪**

**কাজকেরিয়ার**

**সম্পাদকীয় ও বিভাগীয় দপ্তর**

**এফেক্ট পাবলিকেশন্স,**
বিডি-৭২, সেক্টর-১, সল্টলেক সিটি, কলকাতা-৭০০ ০৬৪
মোবাইল ঃ ৯৪৩৪৯৭২২৬০
ফোনঃ (০৩৩) ২৩৩৪-৩৫৭৫

**বিজ্ঞাপনের অন্যান্য যোগাযোগ কেন্দ্র**

১১৭ অরবিন্দ সরণী, গ্রাউন্ড ফ্লোর, কলকাতা-৭০০ ০০৬।
বিডি-৭২, সেক্টর-১, সল্টলেক, কলকাতা-৭০০০৬৪
মোবাইল ঃ ৯৪৩৪৯৭২২৬০

**দিল্লি অফিস**

মিষ্ঠি সদন, বি-৩৫২/১, গলি নং-৯৩, সন্ত নগর, বুরারি, অ্যাপেক্স স্কুলের সন্নিকটে, নিউ দিল্লি-১১০০৮৪

**—সম্পাদক—**

**প্রবীর মুখোপাধ্যায়**

**প্রযত্নে ঃ কাজকেরিয়ার**
ফোন ঃ (০৩৩) ২৩৩৪-৩৫৭৫
মোবাইল ঃ ৯৪৩৪৯৭২২৬০

**Email: editorkaajcareer@gmail.com**
**Website: www.kaajcareer.in**

## ৮৩৫ ট্রেনি অ্যাপ্রেন্টিস

*২ পাতার পর ..........*

প্রতিবন্ধী ১, প্রাক্তন সমরকর্মী ৩)। ফিটার: আসন ৪০৬টি (অসং ১৬২, তঃজাঃ ৬১, তঃউঃজাঃ ৩০, ওবিসি ১১২, আর্থিকভাবে দুর্বল ৪১ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১৬, প্রাক্তন সমরকর্মী ৪১)। ইলেক্ট্রিশিয়ান: আসন ৩৩৭টি (অসং ১৩৪, তঃজাঃ ৫১, তঃউঃজাঃ ২৫, ওবিসি ৯৩, আর্থিকভাবে দুর্বল ৩৪ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১৩, প্রাক্তন সমরকর্মী ৩৪)। স্টেনোগ্রাফার (হিন্দি): আসন ১০টি (অসং ৪, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ওবিসি ৩, আর্থিকভাবে দুর্বল ১ এবং এদের মধ্যে থেকে প্রাক্তন সমরকর্মী ১)। স্টেনোগ্রাফার (ইংলিশ): আসন ১১টি (অসং ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ওবিসি ৩, আর্থিকভাবে দুর্বল ১ এবং এদের মধ্যে থেকে প্রাক্তন সমরকর্মী ১)। হেলথ অ্যান্ড স্যানিটারি ইনস্পেক্টর: আসন ২৫টি (অসং ১০, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ওবিসি ৭, আর্থিকভাবে দুর্বল ২ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১, প্রাক্তন সমরকর্মী ২)। কোপা: আসন ৮১টি (অসং ৩৩, তঃজাঃ ১২, তঃউঃজাঃ ৬, ওবিসি ২২, আর্থিকভাবে দুর্বল ৮ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ৩, প্রাক্তন সমরকর্মী ৮)। মেশিনিস্ট: আসন ১৪টি (অসং ৬, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ওবিসি ৪, আর্থিকভাবে দুর্বল ১ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১, প্রাক্তন সমরকর্মী ১)। মেকানিক ডিজেল: আসন ৯৭টি (অসং ৩৮, তঃজাঃ ১৫, তঃউঃজাঃ ৭, ওবিসি ২৭, আর্থিকভাবে দুর্বল ১০ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ৪, প্রাক্তন সমরকর্মী ১০)। মেকানিক রেফ্রিজারেটর অ্যান্ড এয়ার কন্ডিশনার: আসন ২৬টি (অসং ১০, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ওবিসি ৭, আর্থিকভাবে দুর্বল ৩ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১, প্রাক্তন সমরকর্মী ৩)। ব্ল্যাকস্মিথ: আসন ২টি (অসং ১, ওবিসি ১)। হ্যামারম্যান: আসন ১টি (অসং)। ম্যাসন: আসন ২টি (অসং ১, ওবিসি ১)। পাইপ লাইন ফিটার: আসন ২টি (অসং ১, ওবিসি ১)। কার্পেন্টার: আসন ৬টি (অসং ২, তঃজাঃ ১, ওবিসি ২, আর্থিকভাবে দুর্বল ১ এবং এদের মধ্যে থেকে প্রাক্তন সমরকর্মী ১)। পেইন্টার: আসন ৬টি (অসং ২, তঃজাঃ ১, ওবিসি ২, আর্থিকভাবে দুর্বল ১ এবং এদের মধ্যে থেকে প্রাক্তন সমরকর্মী ১)। ইলেক্ট্রনিক্স মেকানিক: আসন ৪৭টি (অসং ১৮, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৪, ওবিসি ১৩, আর্থিকভাবে দুর্বল ৫ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ২, প্রাক্তন সমরকর্মী ৫)।

ওয়াগন রিপেয়ার শপ, রাইপুরে: মোট আসন ২৮১টি। এরমধ্যে থেকে ফিটার: আসন ১১০টি (অসং ৪৪, তঃজাঃ ১৭, তঃউঃজাঃ ৮, ওবিসি ৩০, আর্থিকভাবে দুর্বল ১১ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ৪, প্রাক্তন সমরকর্মী ১১)। ওয়েল্ডার: আসন ১১০টি (অসং ৪৪, তঃজাঃ ১৭, তঃউঃজাঃ ৮, ওবিসি ৩০, আর্থিকভাবে দুর্বল ১১ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ৪, প্রাক্তন সমরকর্মী ১১)। মেশিনিস্ট: আসন ১৮টি (অসং ৭, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ওবিসি ৫, আর্থিকভাবে দুর্বল ২ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১, প্রাক্তন সমরকর্মী ২)। টার্নার: আসন ১৫টি (অসং ৬, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ওবিসি ৪, আর্থিকভাবে দুর্বল ২ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১, প্রাক্তন সমরকর্মী ২)। ইলেক্ট্রিশিয়ান: আসন ১৮টি (অসং ৭, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ওবিসি ৫, আর্থিকভাবে দুর্বল ২ এবং এদের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১, প্রাক্তন সমরকর্মী ২)। কোপা: আসন ৮টি (অসং ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ওবিসি ২, আর্থিকভাবে দুর্বল ১ এবং এদের মধ্যে থেকে প্রাক্তন সমরকর্মী ১)। স্টেনোগ্রাফার (ইংলিশ): আসন ১টি (অসং)। স্টেনোগ্রাফার (হিন্দি): আসন ১টি (অসং)।

১০+২ সিস্টেমে মাধ্যমিক/ সমতুল পাশ প্রার্থীরা স্বীকৃত ইনস্টিটিউট থেকে সংশ্লিষ্ট ট্রেডের আইটিআই পাশ হলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ৫-৫-২০২৬ তারিখের হিসেবে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ৫-৫-২০০২ থেকে ৫-৫-২০১১ (তফশিলিদের ক্ষেত্রে ৫-৫-১৯৯৭ থেকে ৫-৫-২০১১, ওবিসিদের ক্ষেত্রে ৫-৫-১৯৯৯ থেকে ৫-৫-২০১১, শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫-৫-১৯৯২ থেকে ৫-৫-২০১১) তারিখের মধ্যে।

প্রার্থিবাছাইয়ের সময় মেধাতালিকা প্রস্তুত করা হবে মাধ্যমিক/ সমতুল (মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকা চাই) এবং আইটিআই –এর নম্বরের ভিত্তিতে। অ্যাপ্লিকেশন পোর্টালে কোয়ালিফিকেশন সেকশনে মাধ্যমিক/ সমতুল এবং আইটিআই –এর নম্বর অবশ্যই দিতে হবে। অন্যথায় দরখাস্ত বাতিল হবে। মেধাতালিকাভুক্ত প্রার্থীদের ডাক্তারি পরীক্ষার সার্টিফিকেট জমা দিতে বলা হতে পারে। মেডিক্যাল সার্টিফিকেটে কেন্দ্র বা রাজ্য হাসপাতালের অ্যাসিস্ট্যান্ট সার্জেন বা তার ওপরের পদের কোনও সরকার অনুমোদিত ডাক্তারের সই থাকা চাই। অপ্রাপ্তবয়স্কদর ক্ষেত্রে অভিভাবকে, প্রাপ্তবয়স্কদের ক্ষেত্রে প্রার্থীকে নিয়োগকারীর সাথে অ্যাপ্রেন্টিসশিপের একটি চুক্তি করতে হবে। প্রমাণপত্র যাচাইয়ের সময় বা কোনও অসংগতি ধরা পড়লে সেক্ষেত্রে যাবতীয় মূল প্রমাণপত্র দাখিল করতে হবে। কোনও যাতায়াতের খরচ/ দৈনিক ভাতা ইত্যাদি পাবেন না।

আবেদন করবেন অনলাইনে https://www.apprenticeship-india.gov.in/ ওয়েবসাইটের মাধ্যমে, ৪ জুনের মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ইমেল আইডি ও মোবাইল নম্বর থাকা চাই। অনলাইন আবেদনপত্র সাবমিট করে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের প্রিন্ট নিয়ে নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নং: E/PB/R/Rectt/Act Appr./ 01/2026-27. আরও বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে।

## কোল ইন্ডিয়ায় ৬৬০

*২ পাতার পর ..........*

কোড ১৪): ৪৩টি, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন (ই অ্যান্ড টি) ডিসিপ্লিনে (পোস্ট কোড ১৫): ৩৮টি, জিওলজি ডিসিপ্লিনে (পোস্ট কোড ১৬): ১৫টি, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং ডিসিপ্লিনে (পোস্ট কোড ১৭): ১১টি, রাজভাষা (হিন্দি) ডিসিপ্লিনে (পোস্ট কোড ১৮): ৫টি এবং কোম্পানি সেক্রেটারি ডিসিপ্লিনে (পোস্ট কোড ১৯): ৪টি।

আবেদন জমার শেষ তারিখ অর্থাৎ ১১ জুন, ২০২৬ তারিখের মধ্যে প্রার্থীদের সকল যোগ্যতা অর্জন করে থাকতে হবে।

অনলাইন আবেদন জমা দেওয়ার শেষ তারিখ অর্থাৎ ১১ জুন, ২০২৬ তারিখের মধ্যে সমস্ত যোগ্যতা অর্জন করে থাকতে হবে। নিয়মিত পুরোসময়ের সব ইঞ্জিনিয়ারিং ডিগ্রি/ এম.টেক/ এম.এসসি./ এম.সি.এ ডিগ্রি কোর্স পাশ করে থাকতে হবে ভারত সরকার স্বীকৃত কোনও বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান থেকে।

শিক্ষাগত যোগ্যতা- সিভিল ডিসিপ্লিনের ক্ষেত্রে অন্তত ৬০ (তফশিলি/ প্রতিবন্ধী হলে অন্তত ৫৫) শতাংশ নম্বর নিয়ে পাশ করা সিভিল ইঞ্জিনিয়ারিং ডিগ্রিধারী হতে হবে। ইলেক্ট্রিক্যাল ডিসিপ্লিনের ক্ষেত্রে অন্তত ৬০ শতাংশ নম্বর নিয়ে পাশ করা ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বা এর কম্বিনেশেন

*......... এরপর ৪ পাতায়*

## জেনারেল ক্যাডারে ট্রেনিং

৩ পাতার পর ..........

ইঞ্জিনিয়ারিং ডিগ্রিধারী হতে হবে। মেকানিক্যাল ডিসিপ্লিনের ক্ষেত্রে অন্তত ৬০ (তফশিলি/ প্রতিবন্ধী হলে অন্তত ৫৫) শতাংশ নম্বর নিয়ে পাশ করা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/ মাইনিং মেশিনারি/ কম্বিনেশন সহ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিগ্রিধারী হতে হবে। সিস্টেম ডিসিপ্লিনের ক্ষেত্রে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/ আইটি কিংবা এমসিএ সহ প্রথম শ্রেণির স্বীকৃত বি.ই./ বি.টেক./ বি.এসসি. (ইঞ্জিঃ) ডিগ্রিধারী হতে হবে। ই অ্যান্ড টি ডিসিপ্লিনের ক্ষেত্রে অন্তত ৬০ (তফশিলি/ প্রতিবন্ধী হলে অন্তত ৫৫) শতাংশ নম্বর নিয়ে পাশ করা সংশ্লিষ্ট শাখার বি.ই./ বি.টেক./ বি.এসসি. (ইঞ্জিঃ) ডিগ্রিধারী হতে হবে। জিওলজি ডিসিপ্লিনের ক্ষেত্রে অন্তত ৬০ (তফশিলি/ প্রতিবন্ধী হলে অন্তত ৫৫) শতাংশ নম্বর নিয়ে পাশ করা জিওলজি/ অ্যাপ্লায়েড জিওলজি/ জিওফিজিক্স/ অ্যাপ্লায়েড জিওফিজিক্স –এর এম.এসসি./ এম.টেক. ডিগ্রিধারী হতে হবে। ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং ডিসিপ্লিনের ক্ষেত্রে অন্তত ৬০ শতাংশ নম্বর নিয়ে পাশ করা সংশ্লিষ্ট শাখার ইঞ্জিনিয়ারিং ডিগ্রিধারী হতে হবে। রাজভাষা (হিন্দি) ডিসিপ্লিনের ক্ষেত্রে অন্তত ৬০ (তফশিলি/ প্রতিবন্ধী হলে অন্তত ৫৫) শতাংশ নম্বর নিয়ে পাশ করা হিন্দির মাস্টার ডিগ্রিধারী এবং গ্র্যাজুয়েশন স্তরে হিন্দি এবং ইংরিজি মূল বিষয় হিসেবে নিয়ে অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে পাশ করে থাকতে হবে। কোম্পানি সেক্রেটারি ডিসিপ্লিনের ক্ষেত্রে যে কোনও শাখার গ্র্যাজুয়েট প্রার্থীদের ICSI-এর Associate/ Fellow সদস্যপদসহ কোম্পানি সেক্রেটারি যোগ্যতা অর্জনকারী হতে হবে। তালিকাভুক্ত কোম্পানিতে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার পাবেন।

৩০ এপ্রিল, ২০২৬ তারিখের হিসেবে বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। তফশিলিরা ৫, ওবিসিরা ৩, সাধাঃ-প্রতিবন্ধীরা ১০, ওবিসি-প্রতিবন্ধীরা ১৩, তফশিলি-প্রতিবন্ধীরা ১৫ বছর এবং অন্যান্যরা নিয়মঅনুযায়ী বয়সের ছাড় পাবেন। তবে ছাড় সহ বয়স কোনওভাবেই ৫৬ বছরের বেশি হওয়া চলবে না।

প্রার্থিবাছাই হবে কেবলমাত্র কম্পিউটার বেসড টেস্ট (সিবিটি)-র মাধ্যমে। কোনও ইন্টারভিউ হবে না। টানা ৩ ঘন্টার সিবিটি-তে থাকবে ১০০ নম্বরের ২টি পেপার। পেপার-১ –এ থাকবে জেনারেল নলেজ/ অ্যাওয়ারনেস, রিজনিং, নিউমেরিক্যাল এবিলিটি এবং জেনারেল ইংলিশের প্রশ্ন। প্রতি প্রশ্নে ১ নম্বর। পেপার-২ –তে থাকবে পেশাগত জ্ঞানের প্রশ্ন। প্রতি প্রশ্নে ১ নম্বর। ভুল উত্তরের জন্য নম্বর কাটা যাবে না। প্রশ্নপত্র হবে ইংরিজি ও হিন্দিতে। পরীক্ষায় সফল হতে সাধারণ/ ইডব্লিউএস প্রার্থীদের অন্তত ৪০ নম্বর, ওবিসি প্রার্থীদের অন্তত ৩৫ নম্বর এবং তফশিলি/ প্রতিবন্ধী প্রার্থীদের অন্তত ৩০ নম্বর পেতে হবে। কোম্পানি সেক্রেটারি ডিসিপ্লিনে টাই হলে সমাধানের জন্য যাঁদের লিস্টেড কোম্পানিতে কাজ করেছেন তাঁদের অগ্রাধিকার দেওয়া হবে।

আবেদনের ফি বাবদ সাধাঃ/ ওবিসি/ ইডব্লিউএস প্রার্থীদের দিতে হবে ১,০০০ টাকা। সঙ্গে জিএসটি ১৮০ টাকা। মোট ১,১৮০ টাকা। তফশিলি/ প্রতিবন্ধী/ কোলইন্ডিয়া বা এর সহযোগী সংস্থার কর্মচারী হলে কোনও ফি দিতে হবে না।

আবেদন করবেন অনলাইনে www.coalindia.in ওয়েবসাইটের কেরিয়ার পেজ থেকে Jobs at Coal India সেকশনে গিয়ে, ১১ জুন, ২০২৬ তারিখের মধ্যে। অনলাইন আবেদন করার সময় এখনকার তোলা পাসপোর্ট ছবি (জেপিজি/ জেপিইজি ফর্ম্যাটে), কালো কালিতে করা সই (জেপিজি/ জেপিইজি ফর্ম্যাটে), জন্ম তারিখের প্রমাণ হিসেবে মাধ্যমিক/ সমতুলের সার্টিফিকেট, গ্র্যাজুয়েশন/ পোস্ট-গ্র্যাজুয়েশনের সব সেমিস্টার/ ট্রাইমস্টার/ বছরের মার্কশিট (একটি পিডিএফে), গ্র্যাজুয়েশন/ পোস্ট-গ্র্যাজুয়েশনের ফাইনাল/ প্রভিশনাল ডিগ্রি/ সার্টিফিকেট, (ফাইনাল ইয়ারের স্টুডেন্ট হলে সব শেষের সেমিস্টার/ ট্রাইমেস্টার/ বছরের সব মার্কশিট, কোম্পানি সেক্রেটারি পদের ক্ষেত্রে কোম্পানি সেক্রেটারি সার্টিফিকেট/ অ্যাসোসিয়েট মেম্বার সার্টিফিকেট/ ফেলো মেম্বার সার্টিফিকেট, অভিজ্ঞতার সার্টিফিকেট, সিজিপিএ/ জিপিএ সার্টিফিকেট, বৈধ কাস্ট সার্টিফিকেট, প্রতিবন্ধকতা সার্টিফিকেট, বৈধ ইনকাম ও অ্যাসেট সার্টিফিকেট, ডিসচার্জ/ সার্ভিস সার্টিফিকেট, নো অবজেকশন সার্টিফিকেট আপলোড করতে হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নং ০৩/২০২৬. তারিখ ০৫.০৫.২০২৬। আরও অনেক বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে।

## মহানদী কোলফিল্ডস

২ পাতার পর ..........

এআইসিটিই অনুমোদিত ৩ বছরের ডিপ্লোমাধারী অথবা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে এআইসিটিই অনুমোদিত ডিগ্রিধারী হতে হবে। বেসিক পে ৪৭,৩৩০.২৫ টাকা।

টেকনিশিয়ান (ইলেক্ট্রিশিয়ান) (ট্রেনি) ক্যাটেগরি-III (ই অ্যান্ড এম): মোট শূন্যপদ ৩৫০টি (অসংরক্ষিত ১৪০, তফশিলি জাতি ৫৬, তফশিলি উপজাতি ৭৭, ওবিসি ৪২, আর্থিকভাবে কমজোর প্রার্থী ৩৫)। মাধ্যমিক/ সমতুল পাশ হতে হবে। সঙ্গে এনসিভিটি/ এসসিভিটি প্রদত্ত ট্রেড সার্টিফিকেট সহ ইলেক্ট্রিশিয়ান ট্রেডে ২ বছরের আইটিআই কোর্স পাশ হতে হবে এবং ১ বছরের ট্রেনিং/ অন জব ট্রেনিং/ অন জব প্র্যাক্টিক্যাল কাজের অভিজ্ঞতা থাকতে হবে। সঙ্গে মাইনসের জন্য আইই রুলসের অধীনে এলটি পারমিট থাকতে হবে বা উপযুক্ত কর্তৃপক্ষের দেওয়া ৪৪০-৫৫০ ভোল্টস মাইনিং পার্টস পারমিট থাকতে হবে। বেসিক পে প্রতিদিন ১৫৮৩.৩২ টাকা।

২৮-০৫-২০২৬ তারিখের হিসেবে বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। অ্যাসিস্ট্যান্ট ফোরম্যান (ইলেক্ট্রিক্যাল) (ট্রেনি) টি অ্যান্ড এস গ্রুপ-সি (ই অ্যান্ড এম) পদের ওবিসিরা ৩, তফশিলিরা ৫, সাধাঃ-প্রতিবন্ধীরা ১০, ওবিসি-প্রতিবন্ধীরা ১৩, তফশিলি-প্রতিবন্ধীরা ১৫ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন। ডিপার্টমেন্টাল ক্যান্ডিডেটদের ক্ষেত্রে কোনও বয়সের উর্ধ্বসীমা নেই।

প্রার্থিবাছাই হবে কেবলমাত্র কম্পিউটার বেসড টেস্ট (সিবিটি)-র মাধ্যমে। পার্সোনাল ইন্টারভিউ হবে না। দরখাস্তে দেওয়া তথ্যের ভিত্তিতে বাছাই প্রার্থীদের কম্পিউটার বেসড টেস্টে ডাকা হবে। সিবিটিতে সফলদের প্রমাণপত্র যাচাইয়ের জন্য ডাকা হবে।

কম্পিউটার বেসড টেস্টে থাকবে অবজেক্টিভ মাল্টিপল চয়েস প্রশ্ন। নেগেটিভ মার্কিং নেই। ১০০ নম্বরের সিবিটি-র ২টি সেকশন– 'এ' এবং 'বি'। সেকশন 'এ' –তে থাকবে জেনারেল অ্যাওয়ারনেস/ অ্যাপ্টিটিউডের ২০টি প্রশ্ন। সেকশন 'বি' –তে থাকবে টেকনিক্যাল নলেজের ৮০টি প্রশ্ন। প্রতি প্রশ্নে ১ নম্বর। কম্পিউটার বেসড টেস্টের সঠিক দিনক্ষণ যথাসময়ে জানা যাবে https://mahanadicoal.in ওয়েবসাইটে। পরীক্ষায় সফল হতে সাধারণ/ ইডব্লিউএস প্রার্থীদের অন্তত ৪৫ শতাংশ নম্বর, ওবিসিদের অন্তত ৪০ শতাংশ এবং তফশিলিদের অন্তত ৩৫ শতাংশ নম্বর পেতে হবে। সিবিটি-তে সফলদের থেকে শূন্যপদের ৩ গুণ প্রার্থীকে প্রমাণপত্র যাচাইযে ডাকা হবে। একাধিক প্রার্থী একই নম্বর পেলে সেক্ষেত্রে জন্ম-তারিখের ভিত্তিতে বা তাতে সমাধান না হলে নামের অদ্যক্ষরের ভিত্তিতে বাছাই করা হবে। প্রমাণপত্র/ সার্টিফিকেট যাচাই করার পর একটি 'প্রভিশনাল সিলেক্ট লিস্ট' প্রস্তুত করা হবে। এটি পাওয়া যাবে ওপরে বলা ওয়েবসাইটেই। চূড়ান্তভাবে বাছাই প্রার্থীদের যোগদানের প্রস্তাব দেওয়া হবে। যোগদানের আগে প্রার্থী মাইনসে কাজ করার জন্য মেডিক্যালি ফিট কিনা তা দেখা হবে। কোম্পানির ডাক্তার দ্বারা এই পরীক্ষা করা হবে নির্ধারিত হাসপাতালে।

অ্যাসিস্ট্যান্ট ফোরম্যান (ইলেক্ট্রিক্যাল) (ই অ্যান্ড এম) পদের ক্ষেত্রে টি অ্যান্ড এস গ্রুপ-সি এবং উচ্চতর পদে পদোন্নতি হবে বৈধ ইলেক্ট্রিক্যাল সুপারভাইজরশিপ সার্টিফিকেট অফ কম্পিটেন্সি অর্জনের ভিত্তিতে।

টেকনিশিয়ান (ইলেক্ট্রিশিয়ান) (ই অ্যান্ড এম) ট্রেনি পদের প্রার্থীদের ইলেক্ট্রিশিয়ান হিসেবে ক্যাট-III -তে রেগুলারাইজড, ই অ্যান্ড এম ক্যাডারে ১ বছরের সফল ট্রেনিং শেষে ও বৈধ ইলেক্ট্রিশিয়ান স্ট্যাটুটরি পারমিট/ সার্টিফিকেট অর্জনের পর ক্যাট-IV –এ রেগুলারাইজড করা হবে।

আবেদনের ফি বাবদ কেবল সাধারণ/ ওবিসি/ ইডব্লিউএস ক্যাটেগরি প্রার্থীদের দিতে হবে ১,০০০ টাকা। সঙ্গে ১৮ শতাংশ জিএসটি ১৮০ টাকা। মোট ১,১৮০ টাকা। এছাড়া অন্য কোনও কর বা ব্যাঙ্ক চার্জ থাকলে তা প্রার্থীকেই দিতে হবে। ফি দেবেন ডেবিট কার্ড/ ক্রেডিট কার্ড/ নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে অনলাইনে। তফশিলি/ প্রতিবন্ধী/ প্রাঃসঃকঃ/ মহিলা/ কোল ইন্ডিয়া লিমিটেডের কর্মচারীদের কোনও ফি দিতে হবে না।

আবেদন করবেন অনলাইনে https://mahanadicoal.in ওয়েবসাইটের কেরিয়ার এবং সেখান থেকে রিক্রুটমেন্ট সেকশনে গিয়ে, ২৮ মে, ২০২৬ তারিখের মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ই-মেইল আইডি এবং একটি সক্রিয় মোবাইল নম্বর থাকা চাই। অনলাইন আবেদন পূরণ করার জন্য লাগবে ই-মেইল আইডি, মোবাইল নম্বর, ব্যক্তিগত ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় তথ্য, মাধ্যমিক/ সমতুলের সার্টিফিকেট বা মার্কশিট ও আইটিআই/ ডিপ্লোমা/ ডিগ্রি সার্টিফিকেট/ মার্কশিট (জেপিজি/ জেপিইজি/ পিডিএফ ফর্ম্যাটে করা) স্ক্যান, ওবিসি/ তফশিলি সার্টিফিকেটের (জেপিজি/ জেপিইজি/ পিডিএফ ফর্ম্যাটে করা) স্ক্যান, (প্রযোজ্য হলে) প্রাক্তন সমরকর্মী সার্টিফিকেটের (জেপিজি/ জেপিইজি/ পিডিএফ ফর্ম্যাটে করা) স্ক্যান, (প্রযোজ্য হলে) প্রতিবন্ধকতা সার্টিফিকেটের (জেপিজি/ জেপিইজি/ পিডিএফ ফর্ম্যাটে করা) স্ক্যান, LT পার্মিট/ ৪৪০-৫৫০ ভোল্টস মাইনিং পার্টস –এর (জেপিজি/ জেপিইজি/ পিডিএফ ফর্ম্যাটে করা) স্ক্যান, ফি পেমেন্টের জন্য ডেবিট কার্ড/ ক্রেডিট কার্ড/ নেট ব্যাঙ্কিংয়ের বিস্তারিত তথ্য, এখনকার তোলা পাসপোর্ট ছবির (জেপিজি/ জেপিইজি ফর্ম্যাটে করা) স্ক্যান, সইয়ের (জেপিজি/ জেপিইজি ফর্ম্যাটে করা) স্ক্যানের প্রয়োজন হবে। আবেদনের পদ্ধতি পাবেন ওয়েবসাইটে। রেফারেন্স নং MCL/HQ/Recruitment/ Open/2026/311. আরও অনেক বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে।

## ৪৯৫ সাব-ইনস্পেক্টর

২ পাতার পর ..........

তঃউঃজাঃ ৯, ওবিসি ৬৫, আর্থিকভাবে দুর্বল ১৫ এবং এদের মধ্যে থেকে মেধাবি খেলোয়াড় ৭, প্রাক্তন সমরকর্মী ১)। দ্বাদশ শ্রেণি পাশরা হালকা গাড়ি চালানোর বৈধ লাইসেন্সধারী হলে আবেদন করতে পারেন।

কনস্টেবল (ব্যান্ডম্যান): শূন্যপদ ৪টি (অসং ১, ওবিসি ২, আর্থিকভাবে দুর্বল ১)। দ্বাদশ শ্রেণি পাশরা হালকা গাড়ি চালানোর বৈধ লাইসেন্সধারী হলে আবেদন করতে পারেন।

সাফাই কর্মচারি (এক্সিকিউটিভ): শূন্যপদ ১০টি (অসং ৫, ওবিসি ৪, আর্থিকভাবে দুর্বল ১)। দশম শ্রেণি পাশরা দুই চাকা/ চার চাকা বিশিষ্ট গাড়ি চালানোর বৈধ লাইসেন্সধারী হলে এবং ওয়েট অ্যান্ড ড্রাই সুইপিং সহ হিন্দি এবং কম্পিউটারের জ্ঞান থাকলে ভাল।

ফলোয়ার কার্পেন্টার (এক্সিকিউটিভ) (কেবলমাত্র পুরুষ): শূন্যপদ ১টি (ওবিসি)। দশম শ্রেণি পাশরা কার্পেন্টারের কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকলে এবং সব ধরনের ফার্নিচার তৈরিতে দক্ষ হলে আবেদন করতে পারেন। সঙ্গে হালকা গাড়ি চালানোর বৈধ লাইসেন্সধারী হতে হবে। হিন্দি ও কম্পিউটারের জ্ঞান থাকলে ভাল।

ফলোয়ার কুক (এক্সিকিউটিভ): শূন্যপদ ১৩টি (অসং ৬, তঃউঃজাঃ ১, ওবিসি ৫, আর্থিকভাবে দুর্বল ১)। দশম শ্রেণি পাশরা বিভিন্ন ধরনের খাদ্য তৈরির কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলে এবং হালকা গাড়ি চালানোর বৈধ লাইসেন্সধারী হলে আবেদন করতে পারেন। হিন্দি ও কম্পিউটারের জ্ঞান থাকলে ভাল।

ফলোয়ার টেইলর (এক্সিকিউটিভ): শূন্যপদ ১টি (অসং)। দশম শ্রেণি পাশরা টেলরিংয়ের কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকলে এবং শার্ট, টি-শার্ট, সুট, ফুল প্যান্ট, পুলিশ ইউনিফর্ম, ব্যাগ, ফ্লাগ ইত্যাদি সেলাইয়ে দক্ষ হলে আবেদন করতে পারেন। সঙ্গে হালকা গাড়ি চালানোর বৈধ লাইসেন্সধারী হতে হবে। হিন্দি ও কম্পিউটারের জ্ঞান থাকলে ভাল।

ফলোয়ার বার্বার (এক্সিকিউটিভ): শূন্যপদ ১টি (ওবিসি)। দশম শ্রেণি

........ এরপর ৫ পাতায়

https://kaajcareer.in

## ৪৯৫ সাব-ইনস্পেক্টর

*৪ পাতার পর ..........*

পাশরা হেয়ার কাটিং/ সেভিংয়ের কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলে এবং হালকা গাড়ি চালানোর বৈধ লাইসেন্সধারী হলে আবেদন করতে পারেন। হিন্দি ও কম্পিউটারের জ্ঞান থাকলে ভাল।

ফলোয়ার ওয়াশারম্যান (এক্সিকিউটিভ): শূন্যপদ ৩টি (অসং ১, ওবিসি ২)। দশম শ্রেণি পাশরা হালকা গাড়ি চালানোর বৈধ লাইসেন্সধারী হলে আবেদন করতে পারেন। হিন্দি ও কম্পিউটারের জ্ঞান থাকলে ভাল।

পুলিশ রেডিও অর্গানাইজেশনে: মোট শূন্যপদ ১০৮টি। এরমধ্যে থেকে রেডিও অপারেটর (এএসআই): শূন্যপদ ৭১টি (অসং ৩৬, তঃউঃজাঃ ৪, ওবিসি ২৪, আর্থিকভাবে দুর্বল ৭)। ফিজিক্স/ ইলেক্ট্রনিক্স/ ইনস্ট্রুমেন্টেশন/ ইলেক্ট্রিক্যাল/ কম্পিউটার/ ইনফর্মেশন টেকনোলজি/ কমিউনিকেশন শাখার ব্যাচেলর ডিগ্রি বা ৩ বছরের ডিপ্লোমাধারীরা অথবা রেডিও অপারেটর গ্রেড-২ প্রফিসিয়েন্সি টেস্টে পাশরা ৩ বছরের হাতে-কলমে কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। সঙ্গে হালকা গাড়ি চালানোর বৈধ লাইসেন্সধারী হতে হবে।

রেডিও টেকনিশিয়ান (এএসআই): শূন্যপদ ১২টি (অসং ৬, তঃউঃজাঃ ১, ওবিসি ৪, আর্থিকভাবে দুর্বল ১)। ইলেক্ট্রনিক্স/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন/ টেলিকমিউনিকেশন/ ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন/ রেডিও টেকনোলজির বি ই/ বি টেক বা ৩ বছরের ডিপ্লোমাধারীরা অথবা রেডিও টেকনিশিয়ানের গ্রেড-২ প্রফিসিয়েন্সি টেস্টে পাশরা ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। সঙ্গে হালকা গাড়ি চালানোর বৈধ লাইসেন্সধারী হতে হবে।

চিপার অপারেটর (এএসআই): শূন্যপদ ২টি (অসং ১, ওবিসি ১)। ফিজিক্স/ ইলেক্ট্রনিক্স/ ইনস্ট্রুমেন্টেশন/ ইলেক্ট্রিক্যাল/ কম্পিউটার / ইনফর্মেশন টেকনোলজি/ কমিউনিকেশন শাখার ব্যাচেলর বা ৩ বছরের ডিপ্লোমাধারীরা অথবা চিপার অপারেটর গ্রেড-২ প্রফিসিয়েন্সি টেস্টে পাশরা ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। সঙ্গে হালকা গাড়ি চালানোর বৈধ লাইসেন্সধারী হতে হবে।

ফিটার ইলেক্ট্রিশিয়ান (হেড কনস্টেবল) (পুরুষ): শূন্যপদ ৪টি (অসং ২, ওবিসি ২)। দশম শ্রেণি পাশরা ইলেক্ট্রিশিয়ান ট্রেডের ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট/ ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেটধারী হলে এবং ২ বছরের হাতে-কলমে কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। সঙ্গে হালকা গাড়ি চালানোর বৈধ লাইসেন্সধারী হওয়া চাই।

কনস্টেবল (ভিএইচএফ অপারেটর): শূন্যপদ ১টি (অসং)। ফিজিক্স একটি মূল বিষয় নিয়ে দ্বাদশ শ্রেণি পাশরা হালকা গাড়ি চালানোর বৈধ লাইসেন্সধারী হলে আবেদন করতে পারেন।

ডিজেল মেকানিক (পুরুষ): শূন্যপদ ২টি (অসং ১, ওবিসি ১)। দশম শ্রেণি পাশরা মোটর মেকানিজম ট্রেডের ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট/ ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেটধারী হলে এবং ২ বছরের হাতে-কলমে কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। সঙ্গে হালকা গাড়ি চালানোর বৈধ লাইসেন্সধারী হওয়া চাই।

ফলোয়ার মেসেঞ্জার: শূন্যপদ ১৬টি (অসং ৯, ওবিসি ৬, আর্থিকভাবে দুর্বল ১)। দশম শ্রেণি পাশরা গেয়ার সহ ২ চাকা বিশিষ্ট গাড়ি চালানোর বৈধ লাইসেন্সধারী হলে আবেদন করতে পারেন।

পুলিশ মোটর ট্রান্সপোর্ট: মোট শূন্যপদ ২৩টি। এরমধ্যে থেকে সাব-ইনস্পেক্টর (পিএমটি): শূন্যপদ ২টি (ওবিসি)। অটোমোবাইল/ মেকানিক্যাল শাখার বি ই/ বি টেক ডিগ্রি পাশরা অথবা অটোমোবাইল/ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমাধারীরা সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে এবং হালকা গাড়ি চালানোর বৈধ লাইসেন্সধারী হলে আবেদন করতে পারেন।

ডিলিং অ্যাসিস্ট্যান্ট (হেড কনস্টেবল): শূন্যপদ ১টি (অসং)। যে কোনও শাখার ব্যাচেলর ডিগ্রি পাশরা হালকা গাড়ি চালানোর বৈধ লাইসেন্সধারী হলে আবেদন করতে পারেন।

স্টোর কিপার (হেড কনস্টেবল): শূন্যপদ ১টি (অসং)। দ্বাদশ শ্রেণি পাশরা স্টোর এবং স্টোরের অ্যাকাউন্টস হ্যান্ডলিংয়ের কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলে এবং কমার্স/ ইকনমিক্স/ স্ট্যাটিস্টিক্স/ বিজনেস স্টাডিজ/ পাবলিক অ্যাডমিনিস্ট্রেশনের ব্যাচেলর ডিগ্রি পাশরা হালকা গাড়ি চালানোর বৈধ লাইসেন্সধারী হলে আবেদন করতে পারেন।

অ্যাসিস্ট্যান্ট মেকানিক (পিসি): শূন্যপদ ২টি (অসং ১, ওবিসি ১)। দশম শ্রেণি পাশ প্রার্থীরা সঙ্গে মেকানিক মোটর ভেহিকল ট্রেডের ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট/ ন্যাশনাল ট্রেড সার্টিফিকেটধারী হলে অথবা মেন্টেন্যান্স টেকনিশিয়ান সার্ভিস ওয়ার্কশিপ সার্টিফিকেটধারী ও ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে অথবা কার ওয়াশার-কাম-অটো সার্ভিস টেকনিশিয়ান সার্টিফিকেটধারী হলে ও ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। হালকা গাড়ি চালানোর বৈধ লাইসেন্সধারী হওয়া চাই।

মেকানিক হেল্পার (পিসি): শূন্যপদ ২টি (অসং)। দশম শ্রেণি পাশরা ইলেক্ট্রিশিয়ান/ ফিটার/ ওয়েল্ডার/ পেইন্টার ট্রেডের ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট/ ন্যাশনাল ট্রেড সার্টিফিকেটধারী হলে এবং কোনও অটোমোবাইল সেক্টরে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। সঙ্গে হালকা গাড়ি চালানোর বৈধ লাইসেন্সধারী হতে হবে।

কনস্টেবল (ড্রাইভার): শূন্যপদ ১৫টি (অসং ৭, ওবিসি ৭, আর্থিকভাবে দুর্বল ১)। দশম শ্রেণি পাশরা হালকা ও ভারি গাড়ি চালানোর বৈধ লাইসেন্সধারী হলে আবেদন করতে পারেন। টেকনিক্যাল কোয়ালিফিকেশন সহ ২ বছরের কাজের অভিজ্ঞতা এবং সর্বপ্রকার গাড়ি চালানোর কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলে ভাল।

পুলিশ মেরিন ফোর্স: মোট শূন্যপদ ১৩টি। এরমধ্যে থেকে সাব-ইনস্পেক্টর (মাস্টার): শূন্যপদ ২টি (অসং ১, ওবিসি ১)। দ্বাদশ শ্রেণি পাশরা এনডব্লুকেও (এনসিভি) বা প্রথম শ্রেণির মাস্টার কম্পিটেন্সি সার্টিফিকেটধারীরা হালকা গাড়ি চালানোর বৈধ লাইসেন্সধারী হলে আবেদন করতে পারেন।

পুলিশ কনস্টেবল (গ্রিসার): শূন্যপদ ৪টি (ওবিসি ২, আর্থিকভাবে দুর্বল ২)। দ্বাদশ শ্রেণি পাশরা ইঞ্জিন রুম রেটিং/ জিপি রেটিং কোর্স পাশকরে থাকলে এবং হালকা গাড়ি চালানোর বৈধ লাইসেন্সধারী হলে আবেদন করতে পারেন।

পুলিশ কনস্টেবল (লস্কর): শূন্যপদ ৭টি (অসং ৩, তঃউঃজাঃ ১, ওবিসি ১, আর্থিকভাবে দুর্বল ১)। দ্বাদশ শ্রেণি পাশরা ইঞ্জিন রুম রেটিং/ জিপি রেটিং কোর্স পাশকরে থাকলে এবং হালকা গাড়ি চালানোর বৈধ লাইসেন্সধারী হলে আবেদন করতে পারেন।

ফায়ার অ্যান্ড এমার্জেন্সি সার্ভিসে: মোট শূন্যপদ ৯৯টি। এরমধ্যে থেকে সাব-ইনস্পেক্টর (স্টেশন অফিসার): শূন্যপদ ১টি (ওবিসি)। সায়েন্স/ ইঞ্জিনিয়ারিং/ টেকনোলজির গ্র্যাজুয়েট ডিগ্রি পাশরা ফিজিক্স/ কেমিস্ট্রি বিষয় নিয়ে পড়ে থাকলে এবং হালকা গাড়ি চালানোর বৈধ লাইসেন্সধারী হলে আবেদন করতে পারেন। নাগপুরের ন্যাশনাল ফায়ার সার্ভিস কলেজ থেকে সাব-অফিসার্স সার্টিফিকেট কোর্স পাশ হলে এবং ফায়ার অ্যান্ড সেফটির কাজে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে ভাল।

ফায়ারম্যান (পিসি) (এফএস): শূন্যপদ ৭৭টি (অসং ৪১, ওবিসি ২৯, আর্থিকভাবে দুর্বল ৭)। দ্বাদশ শ্রেণি পাশরা হালকা গাড়ি চালানোর বৈধ লাইসেন্সধারী হলে আবেদন করতে পারেন। ভারি গাড়ি চালানোর বৈধ লাইসেন্সধারী হলে এবং মোটর মেকানিজমের টেকনিক্যাল জ্ঞান সহ সুইমিং/ ডাইভিং/ ক্লাইম্বিংয়ের জ্ঞান থাকলে ভাল।

পুলিশ কনস্টেবল (ড্রাইভার) (এফএস): শূন্যপদ ১৭টি (অসং ৭, তঃউঃজাঃ ৩, ওবিসি ৬, আর্থিকভাবে দুর্বল ১)। দশম শ্রেণি পাশরা হালকা ও ভারি গাড়ি চালানোর বৈধ লাইসেন্সধারী হলে আবেদন করতে পারেন। টেকনিক্যাল কোয়ালিফিকেশন সহ ২ বছরের কাজের অভিজ্ঞতা এবং সর্বপ্রকার গাড়ি চালানোর কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলে ভাল।

সাফাই কর্মচারি (এফএস): শূন্যপদ ২টি (ওবিসি ১, আর্থিকভাবে দুর্বল ১)। দশম শ্রেণি পাশরা দুই চাকা/ চার চাকা বিশিষ্ট গাড়ি চালানোর বৈধ লাইসেন্সধারী হলে এবং ওয়েট অ্যান্ড ড্রাই সুইপিং সহ হিন্দি এবং কম্পিউটারের জ্ঞান থাকলে ভাল।

ফলোয়ার কুক (এফএস): শূন্যপদ ১টি (আর্থিকভাবে দুর্বল)। দশম শ্রেণি পাশরা বিভিন্ন ধরনের খাদ্য তৈরির কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলে এবং হালকা গাড়ি চালানোর বৈধ লাইসেন্সধারী হলে আবেদন করতে পারেন। হিন্দি ও কম্পিউটারের জ্ঞান থাকলে ভাল।

ফলোয়ার ড্রাফটি: শূন্যপদ ১টি (অসং)। দশম শ্রেণি পাশরা হালকা গাড়ি চালানোর বৈধ লাইসেন্সধারী হলে আবেদন করতে পারেন। হিন্দি ও কম্পিউটারের জ্ঞান থাকলে ভাল।

ইন্ডিয়া রিজার্ভ ব্যাটেলিয়নে: মোট শূন্যপদ ৩৬টি। এরমধ্যে থেকে সাব-ইনস্পেক্টর (জেনারেল ডিউটি): শূন্যপদ ১টি (তঃউঃজাঃ)। যে কোনও শাখার ব্যাচেলর ডিগ্রি পাশরা হালকা গাড়ি চালানোর বৈধ লাইসেন্সধারী হলে আবেদন করতে পারেন।

কনস্টেবল (জেনারেল ডিউটি): শূন্যপদ ২৯টি (অসং ১২, তঃউঃজাঃ ৩, ওবিসি ১২, আর্থিকভাবে দুর্বল ২)। দ্বাদশ শ্রেণি পাশরা হালকা গাড়ি চালানোর বৈধ লাইসেন্সধারী হলে আবেদন করতে পারেন।

কনস্টেবল (ওয়্যারলেস): শূন্যপদ ২টি (অসং)। ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্স মূল বিষয় নিয়ে বিজ্ঞান শাখার উচ্চমাধ্যমিক পাশরা হালকা গাড়ি চালানোর বৈধ লাইসেন্সধারী হলে আবেদন করতে পারেন।

নার্সিং অ্যাসিস্ট্যান্ট: শূন্যপদ ১টি (অসং)। দ্বাদশ শ্রেণি পাশ প্রার্থীরা নার্সিং অ্যাসিস্ট্যান্ট/ ওয়ার্ড অ্যাটেন্ড্যান্ট হিসেবে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন।

কনস্টেবল (বার্বার): শূন্যপদ ১টি (অসং)। দশম শ্রেণি পাশরা হেয়ার কাটিং/ সেভিংয়ের কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলে এবং হালকা গাড়ি চালানোর বৈধ লাইসেন্সধারী হলে আবেদন করতে পারেন। হিন্দি ও কম্পিউটারের জ্ঞান থাকলে ভাল।

কনস্টেবল (সাফাই কর্মচারি): শূন্যপদ ১টি (অসং)। দশম শ্রেণি পাশরা দুই চাকা/ চার চাকা বিশিষ্ট গাড়ি চালানোর বৈধ লাইসেন্সধারী হলে এবং ওয়েট অ্যান্ড ড্রাই সুইপিং সহ হিন্দি এবং কম্পিউটারের জ্ঞান থাকলে ভাল।

কনস্টেবল (ওয়াটার ক্যারিয়ার): শূন্যপদ ১টি (অসং)। দশম শ্রেণি পাশরা হালকা গাড়ি চালানোর বৈধ লাইসেন্সধারী হলে আবেদন করতে পারেন। হিন্দি ও কম্পিউটারের জ্ঞান থাকলে ভাল।

সবক্ষেত্রেই বয়স হতে হবে ১৭-৫-২০২৬ তারিখের হিসেবে সাব-ইনস্পেক্টর/ রেডিও অপারেটর/ রেডিও টেকনিশিয়ান/ চিপার অপারেটর পদের ক্ষেত্রে ৩০ বছরের মধ্যে, কনস্টেবল (এক্সিকিউটিভ/ ব্যান্ডসম্যান/ ভিএইচএফ অপারেটর) পদের ক্ষেত্রে ১৮ থেকে ২৫ (মহিলাদের ক্ষেত্রে ১৮ থেকে ৩০) বছরের মধ্যে, স্টোর কিপার/ ডিলিং অ্যাসিস্ট্যান্ট/ সাফাই কর্মচারি/ ফলোয়ার (ওয়াশারম্যান/ কুক/ বার্বার/ টেইলর/ ম্যাসেঞ্জার/ ড্রাফটি)/ নার্সিং অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ১৮ থেকে ৩৩ (মহিলাদের ক্ষেত্রে ১৮ থেকে ৩৮) বছরের মধ্যে, ফিটার ইলেক্ট্রিশিয়ান/ ডিজেল মেকানিক/ অ্যাসিস্ট্যান্ট মেকানিক/ মেকানিক হেল্পার/ কনস্টেবল (ড্রাইভার)/ ফায়ারম্যান/ পুলিশ কনস্টেবল (গ্রিসার/ লস্কর)/ কনস্টেবল (জিডি/ ওয়্যারলেস/ বার্বার/ ওয়াটার ক্যারিয়ার/ সাফাই কর্মচারি) পদের ক্ষেত্রে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে, ফলোয়ার কার্পেন্টার/ পুলিশ কনস্টেবল (ড্রাইভার) পদের ক্ষেত্রে ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে। তফশিলিরা ৫, ওবিসিরা ৩ বছর বয়সের ছাড় পাবেন। শারীরিক মাপজোক সম্পর্কে বিস্তারিত জানতে পারবেন নীচে বলা ওয়েবসাইটে।

প্রার্থীবাছাই হবে শারীরিক

*........ এরপর ৬ পাতায়*

https://kaajcareer.in

## ৪৯৫ সাব-ইনস্পেক্টর

*৫ পাতার পর ..........*

মাপজোকের পরীক্ষা, শারীরিক সক্ষমতার পরীক্ষা, লিখিত পরীক্ষা, স্কিল/ প্রফিসিয়েন্সি টেস্ট, নথিপত্র যাচাই ও ডাক্তারি পরীক্ষার মাধ্যমে। শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে সাব-ইনস্পেক্টর (এক্সিকিউটিভ)/ রেডিও অপারেটর (এএসআই), রেডিও টেকনিশিয়ান (এএসআই), চিপ অপারেটর (এএসআই), ডিলিং অ্যাসিস্ট্যান্ট (হেড কনস্টেবল), কনস্টেবল (এক্সিকিউটিভ), কনস্টেবল (ব্যান্ডসম্যান), কনস্টেবল (ভিএইচএফ অপারেটর) পদের পুরুষদের ক্ষেত্রে ৭ মিনিটে ১৬০০ মিটার (মহিলাদের ক্ষেত্রে ৫ মিনিটে ৮০০ মিটার) দৌড়, সর্বাধিক ৩টি সুযোগে ১২ ফুট (মহিলাদের ক্ষেত্রে ৮ ফুট) লং জাম্প, সর্বাধিক ৩টি সুযোগে ৪ ফুট (মহিলাদের ক্ষেত্রে ৩ ফুট) হাই জাম্প। সাব-ইনস্পেক্টর (স্টেশন অফিসার)/ সাব-ইনস্পেকটর (পিএমটি)/ সাব-ইনস্পেক্টর (জিডি)/ ফিটার ইলেক্ট্রিশিয়ান/ অ্যাসিস্ট্যান্ট মেকানিক/ মেকানিক হেল্পার/ কনস্টেবল (ড্রাইভার)/ কনস্টেবল (জিডি)/ কনস্টেবল (ওয়্যারলেস)/ ফায়ারম্যান (পিসি)/ কনস্টেবল (ড্রাইভার) পদের কেবলমাত্র পুরুষদের ক্ষেত্রে ৭ মিনিটে ১৬০০ মিটার দৌড়, সর্বাধিক ৩টি সুযোগে ১২ ফুট লং জাম্প, সর্বাধিক ৩টি সুযোগে ৪ ফুট হাই জাম্প। সাফাই কর্মচারি (এক্সিকিউটিভ)/ ফলোয়ার ড্রাফটি/ সাফাই কর্মচারি (এফএস)/ ফলোয়ার ওয়াশারম্যান (এক্সিকিউটিভ)/ ফলোয়ার কুক (এক্সিকিউটিভ)/ ফলোয়ার কুক (এফএস)/ ফরোয়ার বার্বার (এক্সিকিউটিভ)/ ফলোয়ার কার্পেন্টার (এক্সিকিউটিভ)/ ফলোয়ার টেইলর (এক্সিকিউটিভ)/ ফলোয়ার ম্যাসেঞ্জার পদের পুরুষদের ক্ষেত্রে ৯ মিনিটে ১৬০০ (মহিলাদের ক্ষেত্রে ৫ মিনিটে ৮০০) মিটার দৌড়। ডিজেল মেকানিক (পুরুষ)/ কনস্টেবল (বার্বার)/ কনস্টেবল (ওয়াশারম্যান)/ কনস্টেবল (সাফাই কর্মচারি) পদের ক্ষেত্রে ৯ মিনিটে ১৬০০ মিটার দৌড়। সাব-ইনস্পেক্টর (মাস্টার)/ পুলিশ কনস্টেবল (গ্রিসার)/ পুলিশ কনস্টেবল (লস্কর) পদের কেবলমাত্র পুরুষদের ক্ষেত্রে ৮ মিনিটে ১৬০০ মিটার দৌড়, ১০ মিনিটে ১০০ মিটার সুইমিং।

এতে সফলদের গ্র্যাজুয়েট স্তরের পরীক্ষায় সাব-ইনস্পেক্টর (এক্সিকিউটিভ)/ সাব-ইনস্পেক্টর (স্টেশন অফিসার)/ সাব ইনস্পেক্টর (পিএমটি)/ সাব-ইনস্পেক্টর (জিডি)/ রেডিও অপারেটর (এএসআই)/ রেডিও টেকনিশিয়ান (এএসআই)/ চিপার অপারেটর (এএসআই)/ ডিলিং অ্যাসিস্ট্যান্ট (এইচসি) পদের ক্ষেত্রে থাকবে ৪০ নম্বরের জেনারেল নলেজ, ৪০ নম্বরের জেনারেল অ্যাপ্টিটিউড, ৪০ নম্বরের কম্পিউটার নলেজ এবং ৪০ নম্বরের ইংলিশ ল্যাঙ্গুয়েজ বিষয়ের প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন আড়াই ঘণ্টা। এছাড়া সাব-ইনস্পেক্টর (এক্সিকিউটিভ)/ সাব-ইনস্পেক্টর (স্টেশন অফিসার)/ সাব ইনস্পেক্টর (পিএমটি)/ সাব-ইনস্পেক্টর (জিডি)/ ডিলিং অ্যাসিস্ট্যান্ট (এইচসি) পদের ক্ষেত্রে থাকবে অতিরিক্ত ৪০ নম্বরের হিন্দি বিষয়ের প্রশ্ন (সময় ৪০ মিনিট)। রেডিও অপারেটর (এএসআই)/ রেডিও টেকনিশিয়ান (এএসআই)/ চিপার অপারেটর (এএসআই) পদের ক্ষেত্রে থাকবে অতিরিক্ত ৪০ নম্বরের ফিজিক্স, ইলেক্ট্রনিক্স এবং ইলেক্ট্রিক্যাল বিষয়ের প্রশ্ন (সময় ৪০ মিনিট)। সাব-ইনস্পেক্টর (পিএমটি) পদের ক্ষেত্রে থাকবে ৪০ নম্বরের অতিরিক্ত অটোমোবাইল/ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ের প্রশ্ন (সময় ৪০ মিনিট)। উচ্চমাধ্যমিক স্তরে সাব-ইনস্পেক্টর (মাস্টার)/ পুলিশ কনস্টেবল (গ্রিসার)/ পুলিশ কনস্টেবল (লস্কর)/ কনস্টেবল (জিডি)/ কনস্টেবল (ওয়্যারলেস)/ কনস্টেবল (এক্সিকিউটিভ)/ কনস্টেবল (ব্যান্ডসম্যান)/ স্টোর কিপার (এইচসি)/ ফায়ারম্যান (পিসি)/ কনস্টেবল (ভিএইচএফ অপারেটর) পদের ক্ষেত্রে থাকবে ৪০ নম্বরের জেনারেল নলেজ, ৪০ নম্বরের জেনারেল অ্যাপ্টিটিউড, ৪০ নম্বরের কম্পিউটার নলেজ, ৪০ নম্বরের হিন্দি, ৪০ নম্বরের ইংরেজি বিষয়ের প্রশ্ন (সময় ৩ ঘণ্টা)। এছাড়া নার্সিং অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে থাকবে অতিরিক্ত ১০০ নম্বরের জেনারেল নলেজ, রিজনিং এবং সিম্পল অ্যারিথমেটিক বিষয়ে প্রশ্ন (সময় ২ ঘণ্টা)। মাধ্যমিক স্তরের পরীক্ষায় কনস্টেবল (ড্রাইভার)/ অ্যাসিস্ট্যান্ট মেকানিক (পিসি)/ মেকানিক হেল্পার (পিসি)/ ফিটার ইলেক্ট্রিশিয়ান (এইচসি)/ ডিজেল মেকানিক (পুরুষ)/ ফলোয়ার মেসেঞ্জার/ ফলোয়ার ড্রাফটি/ পুলিশ কনস্টেবল (ড্রাইভার) পদের ক্ষেত্রে থাকবে ৪০ নম্বরের জেনারেল নলেজ, ৪০ নম্বরের জেনারেল অ্যাপ্টিটিউড, ৪০ নম্বরের কম্পিউটার নলেজ এবং ৪০ নম্বরের ইংলিশ ল্যাঙ্গুয়েজ বিষয়ের প্রশ্ন (সময় আড়াই ঘণ্টা। এছাড়া ফলোয়ার মেসেঞ্জার/ ফলোয়ার ড্রাফটি পদের ক্ষেত্রে থাকবে অতিরিক্ত ৪০ নম্বরের হিন্দি ল্যাঙ্গুয়েজ (সময় ৪০ মিনিট)। কনস্টেবল (ড্রাইভার)/ অ্যাসিস্ট্যান্ট মেকানিক (পিসি)/ মেকানিক হেল্পার (পিসি), পুলিশ কনস্টেবল (ড্রাইভার) পদের ক্ষেত্রে থাকবে অতিরিক্ত ড্রাইভিং, মোটর ভেহিকল এবং তার মেকানিজম বিষয়ের ৪০ নম্বরের প্রশ্ন (সময় ৪০ মিনিট)। ফিটার ইলেক্ট্রিশিয়ান (এইচসি) (পুরুষ) পদের ক্ষেত্রে থাকবে অতিরিক্ত ৪০ নম্বরের ইলেক্ট্রিক্যাল ফিটার এবং তার মেকানিজম বিষয়ের ৪০ নম্বরের প্রশ্ন (সময় ৪০ মিনিট)। ডিজেল মেকানিক (পুরুষ) পদের ক্ষেত্রে থাকবে অতিরিক্ত ৪০ নম্বরের ডিজেল ইঞ্জিন এবং তার মেকানিজম বিষয়ের ৪০ নম্বরের প্রশ্ন (সময় ৪০ মিনিট)। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে। এতে সফলদের হবে ট্রেড টেস্ট/ কম্পিউটার টাইপিং টেস্ট/ কম্পিউটার ফর্ম্যাট টেস্ট। সবশেষে হবে ডাক্তারি পরীক্ষা। এছাড়া এনসিসি ‘এ’, ‘বি’ ও ‘সি’ সার্টিফিকেটধারীরা অতিরিক্ত বোনাস নম্বর পাবেন।

আবেদন করবেন অনলাইনে https://police.andamannicobar.gov.in ওয়েবসাইটের মাধ্যমে, ১৭ মে-র মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ইমেল আইডি ও মোবাইল নম্বর থাকা চাই। অনলাইন আবেদন করতে বসার আগে নিজের পাসপোর্ট মাপের ছবি, সই ইত্যাদি ওয়েবসাইটে দেওয়া নির্দেশ অনুযায়ী স্ক্যান করে রাখবেন। দরখাস্ত করার সময় আপলোড করতে হবে। ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। নেট ব্যাঙ্কিং/ ভিসা/ মাস্টার/ রুপে/ ক্রেডিট/ ডেবিট কার্ড/ ইউপিআই/ কিউআর কোড স্ক্যানিংয়ের মাধ্যমে ফি জমা করবেন এই অ্যাকাউন্ট নম্বরে— Account Name: Principal, Dr. B.R. Ambedkar Institute of Technology, Bank Account Number: 41881546799, Name of the Bank: State Bank of India, Branch: Dollygunj, IFSC Code: SBIN0017178. তফশিলি উপজাতি ও মহিলাদের এই ফি দিতে হবে না। এবার সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের প্রিন্ট নিয়ে নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে। আরও বিস্তারিতর জানতে পারবেন ওপরে বলা ওয়েবসাইটে।

## ১০০ অফিসার

*২ পাতার পর ..........*

পোস্টিং/ বদলির অনুরোধ গ্রাহ্য হবে না। নিয়োগ হবে কলকাতা এবং হায়দরাবাদে।

ট্রেড ফিনান্স অফিসার (এমএমজিএস-II): মোট শূন্যপদ ১০০টি (অসং ৩৮, তঃজাঃ ১৪, তঃউঃজাঃ ১৮, ওবিসি ২২, আর্থিকভাবে কমজোর প্রার্থী ৮ এবং এসবের মধ্যে থেকে শারীরিক প্রতিবন্ধী ১৩)। যে কোনও শাখার গ্র্যাজুয়েট প্রার্থীরা আইআইবিএফ থেকে ফোরেক্স অপারেশন্সে সার্টিফিকেশন থাকলে আবেদন করতে পারেন। পাশ করার পরে ট্রেড ফিনান্স প্রসেসিংয়ে সুপারভাইজরি/ অফিসিয়াল রোলে ২ বছরের সংশ্লিষ্ট অভিজ্ঞতা থাকা চাই। এছাড়া অসাধারণ যোগাযোগ দক্ষতা, উপস্থাপনা দক্ষতা এবং কাজ সম্পাদনের দক্ষতা থাকতে হবে। ৩০ এপ্রিল, ২০২৬ তারিখ বা তার আগে পাওয়া ডকুমেন্টারি ক্রেডিট স্পেশ্যালিস্টস সার্টিফিকেট/ ট্রেড ফিনান্স সার্টিফিকেট/ ইন্টারন্যাশনাল ব্যাঙ্কিং সার্টিফিকেট থাকলে অগ্রাধিকার।

৩০.০৪.২০২৬ তারিখের হিসেবে বয়স হতে হবে ২৩ থেকে ৩২ বছরের মধ্যে। তফশিলিরা ৫, ওবিসিরা ৩, অসং/ ইডব্লিউএস-প্রতিবন্ধীরা ১০, ওবিসি-প্রতিবন্ধীরা ১৩, তফশিলি-প্রতিবন্ধীরা ১৫ বছর বয়সের ছাড় পাবেন। ৬ মাসের প্রবেশনের সময় মাইনে ৬৪,৮২০ – ৯৩,৯৬০ টাকা। সঙ্গে ডিএ, বাড়ি ভাড়া ভাতা, প্রভিডেন্ড ফান্ড, পেনশন, ইত্যাদি।

প্রার্থিবাছাই হবে দরখাস্ত বাছাই এবং সাক্ষাৎকারের মাধ্যমে। ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা থাকলেই যে সাক্ষাৎকারে ডাক পাবেন এমনটা নয়। ১০০ নম্বরের ইন্টারভিউ (সাক্ষাৎকার) হবে। কত নম্বর পেলে সফল হবেন তা ঠিক করবে ব্যাঙ্ক। ইন্টারভিউয়ের নম্বরের ভিত্তিতে মেধাতালিকা প্রস্তুত করা হবে। ইন্টারভিউয়ের জন্য ইন্টিমেশন/ কললেটার পাঠানো হবে রেজিস্টার্ড ই-মেইল আইডির মাধ্যমে। এছাড়া আপলোড করা হবে ব্যাঙ্কের ওয়েবসাইটে। কোনও হার্ড কপি পাঠানে হবে না।

আবেদনের ফি এবং ইন্টিমেশন চার্জ বাবদ সাধারণ/ ইডব্লিউএস/ ওবিসি প্রার্থীদের দিতে হবে ৭৫০ টাকা। তফশিলি/ প্রতিবন্ধী প্রার্থীদের ফি/ ইন্টিমেশন চার্জ দিতে হবে না। ফি দেবেন পেমেন্ট গেটওয়ের মাধ্যমে, ডেবিট কার্ড/ ক্রেডিট কার্ড/ ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের সাহায্যে। কোনও ট্রানজাকশন চার্জ থাকলে তা প্রার্থীকেই বহন করতে হবে। পেমেন্ট শপল হলে আবেদনের ই-রিসিপ্ট এবং আবেদনের ফর্মের প্রিন্ট নিয়ে নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

আবেদন রেজিস্টার করবেন অনলাইনে https://sbi.bank.in/ ওয়েবসাইটের careers > current-openings –এ গিয়ে, ২ জুন, ২০২৬ তারিখের মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ই-মেইল আইডি ও একটি সক্রিয় মোবাইল নং থাকা চাই এবং এগুলি ফলাফল ঘোষণা এবং চূড়ান্ত নির্বাচনের ক্ষেত্রে কল লেটার ইস্যু হওয়া পর্যন্ত সক্রিয় থাকা চাই। ই-মেইল বা মোবাইলে এসএমএসের মাধ্যমে কল লেটার, সাক্ষাৎকার সংক্রান্ত পরামর্শ পাঠানো হবে। অনলাইনে ফি দেওয়ার পর আবেদন প্রক্রিয়া সম্পূর্ণ হবে। আবেদনের হার্ড কপি বা অন্য কোনও প্রমাণপত্র অফিসে পাঠাতে হবে না। আবেদনের শেষ তারিখ অবধি অপেক্ষা না করে যত দ্রুত সম্ভব আবেদন করে নেওয়াই ভাল। আরও বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে।

## কয়েকশো অফিসার

*৫ পাতার পর ..........*

শুরু হবে ২০২৭ সালের জুলাই মাস থেকে। প্রার্থীবাছাই হবে এয়ারফোর্স কমন অ্যাডমিশন টেস্ট (AF-CAT)–02/2026/NCC SPECIAL ENTRY/GATE SCORE ENTRY-র মাধ্যমে।

এএফসিএটি (AFCAT) এন্ট্রিতে —- ফ্লাইং ব্রাঞ্চের ক্ষেত্রে: 222/27F/SSC/M & W কোর্সে শর্ট সার্ভিস কমিশনে মোট শূন্যপদ ৩৫টি (পুরুষ ৩০, মহিলা ৫)। গ্রাউন্ড ডিউটি (টেকনিক্যাল) ব্রাঞ্চের ক্ষেত্রে: 221/27T/PC/111AEC/M & W কোর্সে পার্মানেন্ট কমিশনে এবং 221/27T/SSC/111AEC/M & W কোর্সে শর্ট সার্ভিস কমিশনে মোট শূন্যপদ ০২/২০২৬ অন্তর্ভুক্তি চক্রের বিজ্ঞপ্তিতে প্রকাশিত অনুসারে। গ্রাউন্ড ডিউটি (নন-টেকনিক্যাল) ব্রাঞ্চের ক্ষেত্রে: 221/27G/SSC/M & W কোর্সে শর্ট সার্ভিস কমিশনে মোট শূন্যপদ ১০৭টি। এরমধ্যে থেকে ওয়েপন সিস্টেমস (ডব্লিউ এস) ব্রাঞ্চে: শূন্যপদ ২৬টি (পুরুষ ২১, মহিলা ৫)। অ্যাডমিনে: শূন্যপদ ৬২টি (পুরুষ ৫০, মহিলা ১২)। লজিস্টিক্সে: শূন্যপদ ৬টি (পুরুষ ৪, মহিলা ২)। অ্যাকাউন্টসে: শূন্যপদ ৭টি (পুরুষ ৫, মহিলা ২)। এডুকেশনে: শূন্যপদ ৩টি (পুরুষ ১, মহিলা ২)। মেটিওরোলোজিতে: শূন্যপদ ৩টি (পুরুষ ১, মহিলা ২)।

এনসিসি স্পেশ্যাল এন্ট্রিতে —- ফ্লাইং ব্রাঞ্চের ক্ষেত্রে: 222/27F/PC/M পার্মানেন্ট কোর্সে এবং 222/27F/SSC/M & W শর্ট সার্ভিস কোর্সে সিডিএসই-র ১০ শতাংশ শূন্যপদ রয়েছে পার্মানেন্ট কমিশনের জন্য এবং এএফসিএটি শূন্যপদের ১০ শতাংশ শূন্যপদ রয়েছে শর্ট সার্ভিস কমিশনের জন্য। পার্মানেন্ট কমিশনে কেবলমাত্র পুরুষরাই আবেদন করতে পারবেন।

গেট স্কোর এন্ট্রিতে— গ্রাউন্ড ডিউটি

*........ এরপর ৭ পাতায়*

https://www.kaajcareer.in

## কয়েকশো অফিসার

৬ পাতার পর ..........

(টেকনিক্যাল) ব্রাঞ্চের ক্ষেত্রে: 221/27T/PC/111AEC/M & W কোর্সে পার্মানেন্ট কমিশনে এবং 221/27T/SSC/111AEC/M & W কোর্সে শর্ট সার্ভিস কমিশনে মোট শূন্যপদ ০২/২০২৬ অন্তর্ভুক্তি চক্রের বিজ্ঞপ্তিতে প্রকাশিত অনুসারে।

**ফ্লাইং ব্রাঞ্চের ক্ষেত্রে**— ম্যাথমেটিক্স ও ফিজিক্সের প্রতিটিতে অন্তত ৫০ শতাংশ নম্বর উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা সঙ্গে অন্তত ৬০ শতাংশ নম্বর নিয়ে যে কোনও শাখার ৩ বছরের গ্র্যাজুয়েট ডিগ্রিধারী হলে অথবা অন্তত ৬০ শতাংশ নম্বর নিয়ে ৪ বছরের বি ই/ বি টেক ডিগ্রি কোর্স পাশ করে থাকলে অথবা অন্তত ৬০ শতাংশ নম্বর নিয়ে অ্যাসোসিয়েট মেম্বারশিপ অফ ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ার্স (ইন্ডিয়া)/ অ্যারোনটিক্যাল সোসাইটি অফ ইন্ডিয়ার সেকশন ‘এ’ এবং ‘বি’ পরীক্ষায় পাশ করে থাকলে আবেদন করতে পারেন।

**গ্রাউন্ড ডিউটি (টেকনিক্যাল) ব্রাঞ্চের** অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রনিক্স){AE (L)}-এর ক্ষেত্রে— ফিজিক্স ও ম্যাথমেটিক্সের প্রতিটিতে অন্তত ৫০ শতাংশ নম্বর নিয়ে উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা সঙ্গে অন্তত ৬০ শতাংশ নম্বর সহ নীচে বলা ইঞ্জিনিয়ারিং/ টেকনোলজি ডিসিপ্লিনের অন্তত ৪ বছরের ডিগ্রি/ ইন্টিগ্রেটেড পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রিধারী হলে অথবা অ্যাসোসিয়েট মেম্বারশিপ অফ ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ার্স (ইন্ডিয়া) বা অ্যারোনটিক্যাল সোসাইটি অফ ইন্ডিয়া বা গ্র্যাজুয়েট মেম্বারশিপ এক্সামিনেশন অফ দ্য ইনস্টিটিউট অফ ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ার্সের সেকশন ‘এ’ এবং ‘বি’ পরীক্ষায় পাশ করে থাকলে আবেদন করতে পারেন। ডিসিপ্লিনগুলি হল— অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন/ কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি/ কম্পিউটার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড অ্যাপ্লিকেশন/ কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি/ ইলেক্ট্রিক্যাল অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি/ ইলেক্ট্রনিক্স সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রনিক্স/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড কম্পিউটার সায়েন্স/ ইলেক্ট্রনিক্স এবং-অথবা টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ইলেক্ট্রনিক্স এবং-অথবা টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (মাইক্রোওয়েভ)/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রনিক্স কমিউনিকেশন অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রনিক্স ইনস্ট্রুমেন্ট অ্যান্ড কন্ট্রোল/ ইলেক্ট্রনিক্স ইনস্ট্রুমেন্ট অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং/ ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং/ ইনস্ট্রুমেন্ট অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং/ ইনফর্মেশন টেকনোলজি/ স্পেসক্রাফট টেকনোলজি/ ইঞ্জিনিয়ারিং ফিজিক্স/ ইলেক্ট্রিক পাওয়ার অ্যান্ড মেশিনারি ইঞ্জিনিয়ারিং/ ইনফোটেক ইঞ্জিনিয়ারিং/ সাইবার সিকিউরিটি। অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল){AE (M)}-এর ক্ষেত্রে— ফিজিক্স ও ম্যাথমেটিক্সের প্রতিটিতে অন্তত ৫০ শতাংশ নম্বর নিয়ে উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা সঙ্গে অন্তত ৬০ শতাংশ নম্বর সহ নীচে বলা ইঞ্জিনিয়ারিং/ টেকনোলজি ডিসিপ্লিনের অন্তত ৪ বছরের ডিগ্রি/ ইন্টিগ্রেটেড পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রিধারী হলে অথবা অ্যাসোসিয়েট মেম্বারশিপ অফ ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ার্স (ইন্ডিয়া) বা অ্যারোনটিক্যাল সোসাইটি অফ ইন্ডিয়ার সেকশন ‘এ’ এবং ‘বি’ পরীক্ষায় পাশ করে থাকলে আবেদন করতে পারেন। ডিসিপ্লিনগুলি হল— অ্যারোস্পেস ইঞ্জিনিয়ারিং/ অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং/ এয়ারক্রাফট মেন্টেন্যান্স ইঞ্জিনিয়ারিং/ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড অটোমেশন/ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (প্রোডাকশন)/ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (রিপেয়ার অ্যান্ড মেন্টেন্যান্স)/ মেকাট্রনিক্স/ ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং/ ম্যানুফ্যাকচারিং ইঞ্জিনিয়ারিং/ প্রোডাকশন অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং/ মেটিরিয়াল সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/ মেটালার্জিক্যাল অ্যান্ড মেটিরিয়ালস ইঞ্জিনিয়ারিং/ অ্যারোস্পেস অ্যান্ড অ্যাপ্লায়েড মেকানিক্স/ অটোমোটিভ ইঞ্জিনিয়ারিং/ রোবটিক্স/ ন্যানোটেকনোলজি/ রাবার টেকনোলজি অ্যান্ড রাবার ইঞ্জিনিয়ারিং।

**জেনারেল ডিউটি (নন-টেকনিক্যাল) ব্রাঞ্চের** ওয়েপন সিস্টেম (ডব্লু এস) ব্রাঞ্চের ক্ষেত্রে— ফিজিক্স ও ম্যাথমেটিক্সের প্রতিটিতে অন্তত ৫০ শতাংশ নম্বর নিয়ে উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা সঙ্গে অন্তত ৬০ শতাংশ নম্বর নিয়ে যে কোনও শাখার ৩ বছরের গ্র্যাজুয়েট ডিগ্রিধারী হলে অথবা অন্তত ৬০ শতাংশ নম্বর নিয়ে ৪ বছরের বি ই/ বি টেক ডিগ্রি কোর্স পাশ করে থাকলে আবেদন করতে পারেন। লজিস্টিক্সের ক্ষেত্রে— উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা সঙ্গে অন্তত ৬০ শতাংশ নম্বর সহ যে কোনও শাখার গ্র্যাজুয়েট ডিগ্রিধারী হলে অথবা অ্যাসোসিয়েট মেম্বারশিপ অফ ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ার্স (ইন্ডিয়া) বা অ্যারোনটিক্যাল সোসাইটি অফ ইন্ডিয়ার সেকশন ‘এ’ এবং ‘বি’ পরীক্ষায় পাশ করে থাকলে আবেদন করতে পারেন। অ্যাকাউন্টস ব্রাঞ্চের ক্ষেত্রে— উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা অন্তত ৬০ শতাংশ নম্বর সহ কমার্সের ৩ বছরের গ্র্যাজুয়েট ডিগ্রিধারী হলে অথবা ফিনান্সে স্পেশ্যালাইজেশন সহ বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন/ ম্যানেজমেন্ট স্টাডিজ/ বিজনেস স্টাডিজের ব্যাচেলর ডিগ্রিধারী হলে অথবা সিএ/ সিএমএ/ সিএস/ সিএফএ পাশ করে থাকলে অথবা ফিনান্সে স্পেশ্যালাইজেশন সহ বিএসসি ডিগ্রিধারী হলে আবেদন করতে পারেন। এডুকেশন ব্রাঞ্চের ক্ষেত্রে— উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা অন্তত ৫০ শতাংশ নম্বর সহ যে কোনও শাখার পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রিধারী হলে এবং গ্র্যাজুয়েশন স্তরে অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। মেটিওরোলজি ব্রাঞ্চের ক্ষেত্রে— উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরা অন্তত ৬০ শতাংশ নম্বর নিয়ে ফিজিক্স ও ম্যাথমেটিক্স সহ বিএসসি ডিগ্রিধারীরা অথবা অন্তত ৬০ শতাংশ নম্বর সহ নীচে বলা ইঞ্জিনিয়ারিং/ টেকনোলজি ডিসিপ্লিনের ৪ বছরের গ্র্যাজুয়েট ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। ডিসিপ্লিনগুলি হল— কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি/ কম্পিউটার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড অ্যাপ্লিকেশন/ কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি/ ইলেক্ট্রিক্যাল অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি/ ইলেক্ট্রনিক্স সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রনিক্স/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড কম্পিউটার সায়েন্স/ ইলেক্ট্রনিক্স এবং-অথবা টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রনিক্স এবং-অথবা টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (মাইক্রোওয়েভ)/ ইলেক্ট্রনিক্স কমিউনিকেশন অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং/ ইনফর্মেশন টেকনোলজি/ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং।

ফ্লাইং ব্রাঞ্চের ক্ষেত্রে — ১-৭-২০২৭ তারিখের হিসেবে বয়স হতে হবে ২০ থেকে ২৪ বছরের মধ্যে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-৭-২০০৩ থেকে ১-৭-২০০৭ তারিখের মধ্যে। বৈধ কমার্শিয়াল পাইলট লাইসেন্স ধারীদের ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ২৬ বছর। অর্থাৎ এইসব প্রার্থীদের জন্মতারিখ হতে হবে ২-৭-২০০১ থেকে ১-৭-২০০৭-এর মধ্যে। গ্রাউন্ড ডিউটি (টেকনিক্যাল/ নন-টেকনিক্যাল) ব্রাঞ্চের ক্ষেত্রে — ১-৭-২০২৭ তারিখের হিসেবে বয়স হতে হবে ২০ থেকে ২৬ বছরের মধ্যে। কাজেই জন্ম হতে হবে ২-৭-২০০১ থেকে ১-৭-২০০৭ তারিখের মধ্যে।

শারীরিক মাপজোক হতে হবে- - ফ্লাইং ব্রাঞ্চের পুরুষ ও মহিলাদের ক্ষেত্রে উচ্চতায় অন্তত ১৬২.৫ সেমি। বসে থাকা অবস্থায় উচ্চতা সর্বনিম্ন ৮১.৫ ও সর্বোচ্চ ৯৬ সেমি। পায়ের দৈর্ঘ্য সর্বনিম্ন ৯৯ ও সর্বোচ্চ ১২০ সেমি। থাইয়ের দৈর্ঘ্য হতে হবে অন্তত ৬৪ সেমি। গ্রাউন্ড ডিউটি ব্রাঞ্চের পুরুষদের ক্ষেত্রে উচ্চতা অন্তত ১৫৭.৫ (গোর্খা, উত্তর-পূর্বাঞ্চল এবং উত্তরাখণ্ডের পার্বত্য এলাকার প্রার্থীদের ক্ষেত্রে ১৫২.৫ এবং লাক্ষাদ্বীপের প্রার্থীদের ক্ষেত্রে১৫৫.৫) ও মহিলাদের ক্ষেত্রে ১৫২ (গোর্খা, উত্তর-পূর্বাঞ্চল এবং উত্তরাখণ্ডের পার্বত্য এলাকার প্রার্থীদের ক্ষেত্রে ১৪৭ এবং লাক্ষাদ্বীপের প্রার্থীদের ক্ষেত্রে ১৫০) সেমি। সবক্ষেত্রেই পুরুষদের বুকের ছাতি হতে হবে ৭৭ সেমি এবং ৫ সেমি সম্প্রসারণের ক্ষমতা থাকা চাই। দৃষ্টিশক্তি সম্পর্কে বিস্তারিত জানতে পারবেন নিচে বলা ওয়েবসাইটে।

শুরুতে ফ্লাইং এবং গ্রাউন্ড ডিউটি (টেনিক্যাল) ব্রাঞ্চের ক্ষেত্রে ৬২ সপ্তাহের এবং গ্রাউন্ড ডিউটি (নন-টেকনিক্যাল) ব্রাঞ্চের ক্ষেত্রে ৫০ সপ্তাহের ট্রেনিং হবে বিভিন্ন এয়ারফোর্স ট্রেনিং এস্টাব্লিশমেন্টে। ট্রেনিং শুরু হবে ২০২৭ সালের জুলাই মাসের প্রথম সপ্তাহ থেকে। এয়ারফোর্স অ্যাকাডেমিতে যোগদানের সময় প্রার্থীর প্যান কার্ড এবং স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া/ যে কোনও রাষ্ট্রায়াত্ত ব্যাঙ্কের অ্যাকাউন্ট অবশ্যই থাকা চাই। রেজিস্ট্রেশনের সময় আধার কার্ড অবশ্যই থাকতে হবে। ফ্লাইং অফিসারের মাইনে ৫৬,১০০ – ১,৭৭,৫০০ টাকা। সঙ্গে মিলিটারি সার্ভিস পে ১৫,৫০০ টাকা। আর কাজের ওপর ভিত্তি করে অন্যান্য ভাতা। তবে ১ বছরের ট্রেনিংয়ের সময় ফ্লাইট ক্যাডেটরা নির্দিষ্ট হারে ৫৬,১০০ টাকা স্টাইপেন্ড পাবেন।

এএএফসিএটি এন্ট্রির ক্ষেত্রে প্রার্থিবাছাইয়ের জন্য অনলাইন টেস্ট হবে বিভিন্ন কেন্দ্রে। থাকবে মোট ৩০০ নম্বরের জেনারেল আওয়ার্নেস, ভার্বাল এবিলিটি ইন ইংলিশ, নিউমেরিক্যাল এবিলিটি অ্যান্ড রিজনিং, মিলিটারি অ্যাপ্টিটিউড টেস্ট বিষয়ের ১০০টি প্রশ্ন। উত্তরের জন্য সময় পাবেন ২ ঘন্টা। দুটো শিফটে পরীক্ষা হবে। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি ভুল উত্তরের জন্য ১ নম্বর কাটা যাবে। পরীক্ষার অ্যাডমিট কার্ড নিচে বলা ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নিতে হবে। পরীক্ষা কেন্দ্রে সঙ্গে নেবেন বৈধ অ্যাডমিট কার্ড, আধার কার্ড ও অন্য কোনও সচিত্র পরিচয়পত্র, ২ কপি পাসপোর্ট মাপের ছবি। পরীক্ষা হবে কলকাতা, আগরতলা সহ বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে। শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ১০ মিনিটে ১.৬ কিমি দৌড়, অন্তত ১০টি পুশ আপ ও ৩টি চিন আপ। প্রার্থীরা শারীরিক সক্ষমতার পরীক্ষার জন্য নিজেকে প্রস্তুত রাখবেন।

আবেদন করবেন অনলাইন https://afcat.edcil.co.in/ ওয়েবসাইটের মাধ্যমে, ২০ মে থেকে ২৬ জুনের মধ্যে। এএফসিএটি এন্ট্রি/ এনসিসি স্পেশ্যাল এন্ট্রি -র ক্ষেত্রে আলাদা আলাদা ট্যাবে দরখাস্ত করবেন। রেজিস্ট্রেশনের সময় পরীক্ষার ফি বাবদ দিতে হবে ৫৫০ টাকা। এক্ষেত্রে অতিরিক্ত জিএসটি প্রার্থীকেই বহন করতে হবে। তবে এনসিসি স্পেশ্যাল এন্ট্রি এবং গেট স্কোর এন্ট্রির ক্ষেত্রে কোনও ফি দিতে হবে না। এই পরীক্ষার বিজ্ঞপ্তি নং: (AFCAT)–02/2026/ NCC SPECIAL ENTRY/ GATE SCORE ENTRY. আরও বিস্তারিত তথ্য পাবেন ওপরে বলা ওয়েবসাইটে। উল্লেখ্য, এই ট্রেনিংয়ের বিস্তারিত বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। প্রার্থীদের সুবিধার জন্য পূর্ববর্তী বছরের বিজ্ঞপ্তি অনুযায়ী খবরটি প্রকাশিত হল।

## সশস্ত্র সীমাবলে ৪৪০

২ পাতার পর ..........

মহিলা ৭টি), অ্যাথলেটিক্স (পুরুষ ও মহিলা): ৪২টি (পুরুষ ২০টি, মহিলা ২২টি), অ্যাকোয়াটিক্স (সুইমিং ও

........ এরপর ৮ পাতায়

Domestic & International Courier Service
RUNNER EXPRESS
WORLD WIDE
ON TIME DELIVERY IS OUR MOTO
For more details Call our Toll Free No: 18008914133
Email: runnerex298@gmail.com

## সশস্ত্র সীমাবলে ৪৪০

৭ পাতার পর ..........

ডাইভিং) (পুরুষ ও মহিলা): ১৪টি (পুরুষ ৭টি, মহিলা ৭টি), বক্সিং (পুরুষ ও মহিলা): ১৮টি (পুরুষ ১১টি, মহিলা ৭টি), বাস্কেটবল (পুরুষ ও মহিলা): ২১টি, ব্যাডমিন্টন (পুরুষ ও মহিলা): ৬টি (পুরুষ ৪টি, মহিলা ২টি), সাইক্লিং (পুরুষ ও মহিলা): ৪টি (পুরুষ ২টি, মহিলা ২টি), অশ্বারোহণ (পুরুষ ও মহিলা): ৫টি (পুরুষ ৩টি, মহিলা ২টি), তরবারি খেলা (পুরুষ ও মহিলা): ১০টি (পুরুষ ৬টি, মহিলা ৪টি), ফুটবল (পুরুষ ও মহিলা): ২২টি (পুরুষ ১১টি, মহিলা ১১টি), জিমন্যাস্টিক্স (পুরুষ ও মহিলা): ৪টি (পুরুষ ২টি, মহিলা ২টি), হকি (পুরুষ ও মহিলা): ২৮টি (পুরুষ ১৭টি, মহিলা ১১টি), হ্যান্ডবল (পুরুষ ও মহিলা): ১৬টি (পুরুষ ৮টি, মহিলা ৮টি), জুডো (পুরুষ ও মহিলা): ১২টি (পুরুষ ৬টি, মহিলা ৬টি), কবাডি (পুরুষ ও মহিলা): ১২টি (পুরুষ ৫টি, মহিলা ৭টি), কারাটে (পুরুষ ও মহিলা): ১৪টি (পুরুষ ৭টি, মহিলা ৭টি), কায়াকিং (পুরুষ ও মহিলা): ১৩টি (পুরুষ ৬টি, মহিলা ৭টি), ক্যানোয়িং (পুরুষ ও মহিলা): ১৪টি (পুরুষ ৭টি, মহিলা ৭টি), পেনচাক সিলাত (পুরুষ ও মহিলা): ১৬টি (পুরুষ ৮টি, মহিলা ৮টি), পাওয়ারলিফটিং (পুরুষ ও মহিলা): ৪টি (পুরুষ ২টি, মহিলা ২টি), দাঁড় টানা (নৌকা বাইচ) (পুরুষ ও মহিলা): ১৩টি (পুরুষ ৭টি, মহিলা ৬টি), শুটিং (পুরুষ ও মহিলা): ৪টি (পুরুষ ২টি, মহিলা ২টি), টেবল টেনিস (পুরুষ ও মহিলা): ৬টি (পুরুষ ২টি, মহিলা ৪টি), তায়কন্দো (পুরুষ ও মহিলা): ১৬টি (পুরুষ ৮টি, মহিলা ৮টি), ভলিবল (পুরুষ ও মহিলা): ১৪টি (পুরুষ ৭টি, মহিলা ৭টি), কুস্তি (পুরুষ ও মহিলা): ২৭টি, উশু (পুরুষ ও মহিলা): ১৬টি (পুরুষ ৯টি, মহিলা ৭টি), ওয়েটলিফটিং (পুরুষ ও মহিলা): ১৩টি (পুরুষ ৭টি, মহিলা ৬টি) এবং যোগাসন (পুরুষ ও মহিলা): ৬টি (পুরুষ ৩টি, মহিলা ৩টি)।

মাধ্যমিক/ সমতুল পাশ খেলোয়াড় প্রার্থীরা ১৮ থেকে ২৩ বছরের মধ্যে বয়স হল আবেদন করতে পারবেন। ক্রীড়া যোগ্যতার জন্য প্রার্থীরা অগ্রাধিকার পাবেন নীচের ক্রম অনুসারে - ১) জাতীয় বা আন্তর্জাতিক প্রতিযোগিতায় রাজ্য বা দেশের প্রতিনিধিত্ব করে থাকলে। অথবা ২) সিনিয়র/ জুনিয়র ন্যাশনাল চ্যাম্পিয়নশিপে মেডেল জয়ী হলে। অথবা ৩) খেলো ইন্ডিয়া ইয়ুথ গেমসে (১৮ বছরের বেশি বয়সের ক্যাটেগরিতে) কিংবা খেলো ইন্ডিয়া উইন্টার গেমস বা খেলো ইন্ডিয়া পারা গেমসে মেডেল জয়ী হলে। ৪) খেলো ইন্ডিয়া ইউনিভার্সিটি গেমসে মেডেল জয়ী হলে। অথবা ৫) স্কুল গেমস ফেডারেশন অফ ইন্ডিয়া-য় মেডেল ইউনার হলে। অথবা ৬) ইন্টার-ইউনিভার্সিটি স্পোর্টস বোর্ডস পরিচালিত ইন্টার-ইউনিভার্সিটি টুর্নামেন্টে নিজের বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিত্ব করেছেন এমন খেলোয়াড় হলে। অথবা ৭) ইন্ডিয়া স্কুল গেমস ফেডারেশন পরিচালিত ন্যাশনাল স্পোর্টস/ গেমসে রাজ্য বা স্কুল টিমের প্রতিনিধিত্ব করেছেন এমন খেলোয়াড় হলে। প্রার্থিবাছাইয়ের ক্ষেত্রে- আন্তর্জাতিক প্রতিযোগিতায়: গোল্ড মেডেল থাকলে ৩০ নম্বর, সিলভার মেডেল থাকলে ২৯ নম্বর, ব্রোঞ্জ মেডেল থাকলে ২৮ নম্বর এবং অংশগ্রহণকারী হলে ২৬ নম্বর পাবেন। স্টেট/ ইউটি-র হয়ে সিনিয়র/ জুনিয়র লেভেল ন্যাশনাল চ্যাম্পিয়নশিপে: গোল্ড মেডেল থাকলে ২৫ নম্বর, সিলভার মেডেল থাকলে ২৪ নম্বর, ব্রোঞ্জ মেডেল থাকলে ২৩ নম্বর পাবেন।

আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের কাছে সংশ্লিষ্ট গেমে ন্যাশনাল ফেডারেশন অফ গেমস –এর সেক্রেটারি প্রদত্ত সার্টিফিকেট থাকতে হবে। জাতীয় প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের কাছে সংশ্লিষ্ট গেমে ন্যাশনাল ফেডারেশনের সেক্রেটারি বা স্টেট অ্যাসোসিয়েশন অফ দ্য গেমস –এর সেক্রেটারি প্রদত্ত সার্টিফিকেট থাকতে হবে। ইন্টার-ইউনিভার্সিটি টুর্নামেন্টে অংশগ্রহণকারীদের কাছে সংশ্লিষ্ট গেমে ডিন অফ স্পোর্টস বা স্পোর্টসের সমগ্র দায়িত্বে থাকা অফিসার প্রদত্ত সার্টিফিকেট থাকতে হবে। ন্যাশনাল/ স্পোর্টস/ গেমস অফ স্কুলসে অংশগ্রহণকারীদের কাছে পাবলিক ইনস্ট্রাকশন্স/ এডুকেশন অফ দ্য স্টেট –এর ডিরেক্টরেট-এর ডিরেক্টর বা অ্যাডিশনাল/ জয়েন্ট ডিরেক্টর বা ডেপুটি ডিরেক্টর প্রদত্ত সার্টিফিকেট থাকতে হবে। খেলো ইন্ডিয়া ইউনিভার্সিটি গেমস/ খেলো ইন্ডিয়া ইউথ গেমস/ খেলো ইন্ডিয়া ইউন্টার গেমস/ খেলো ইন্ডিয়া পারা গেমসে অংশগ্রহণকারীদের কাছে এসব খেলার জন্য স্পোর্টস অথরিটি অফ ইন্ডিয়ার অফিসার ডেজিগনেটেড/ অফিসার ইন চার্জ প্রদত্ত সার্টিফিকেট থাকতে হবে।

গাড়য়ালি, কুমায়ুনি, দগরা, মারাঠা, এবং আসাম, হিমাচল প্রদেশ, জম্মু ও কাশ্মীর ও লাদাখের পুরুষ প্রার্থীদের উচ্চতা অন্তত ১৬৫ সেমি এবং মহিলা প্রার্থীদের অন্তত ১৫৫ সেমি হতে হবে। এসব এলাকার পুরুষ প্রার্থীদের বুকের ছাতির মাপ না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৮ ও ৮৩ সেমি হতে হবে। অরুণাচল প্রদেশ, মণিপুর, মেঘালয়, মিজোরাম, নাগাল্যান্ড, সিকিম, ত্রিপুরা এবং জিটিএ এলাকার পুরুষ প্রার্থীদের উচ্চতা অন্তত ১৬২.৫ সেমি এবং মহিলা প্রার্থীদের অন্তত ১৫০ সেমি হতে হবে। এসব এলাকার পুরুষ প্রার্থীদের বুকের ছাতির মাপ না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৬ ও ৮১ সেমি হতে হবে। অরুণাচল প্রদেশ, মণিপুর, মেঘালয়, মিজোরাম, নাগাল্যান্ড, সিকিম এবং ত্রিপুরার অঞ্চলের বাকি সকল পুরুষ প্রার্থীদের উচ্চতা অন্তত ১৬২.৫ সেমি এবং মহিলা প্রার্থীদের অন্তত ১৫২.৫ সেমি হতে হবে। এসব এলাকার পুরুষ প্রার্থীদের বুকের ছাতির মাপ না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৭ ও ৮২ সেমি হতে হবে। দার্জিলিং জেলার ৩টি সাব ডিভিশনের তথা গোর্খা টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশনের বাকি সকল পুরুষ প্রার্থীদের উচ্চতা অন্তত ১৫৭ সেমি এবং মহিলা প্রার্থীদের অন্তত ১৫২.৫ সেমি হতে হবে। এসব এলাকার পুরুষ প্রার্থীদের বুকের ছাতির মাপ না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৭ ও ৮২ সেমি হতে হবে। এলডব্লিউই অধ্যুসিত জেলার তফসিলি উপজাতি পুরুষ প্রার্থীদের উচ্চতা অন্তত ১৬০ সেমি এবং মহিলা প্রার্থীদের অন্তত ১৪৭.৫ সেমি হতে হবে। এসব এলাকার পুরুষ প্রার্থীদের বুকের ছাতির মাপ না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৬ ও ৮১ সেমি হতে হবে। দেশের উত্তর-পূর্বের রাজ্যগুলির তফসিলি উপজাতি পুরুষ প্রার্থীদের উচ্চতা অন্তত ১৫৭ সেমি এবং মহিলা প্রার্থীদের অন্তত ১৪৭.৫ সেমি হতে হবে। এসব এলাকার পুরুষ প্রার্থীদের বুকের ছাতির মাপ না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৬ ও ৮১ সেমি হতে হবে। দেশের বাকি সব অঞ্চলের অন্যান্য সব ক্যাটেগরির পুরুষ প্রার্থীদের উচ্চতা অন্তত ১৭০ সেমি এবং মহিলা প্রার্থীদের অন্তত ১৫৭ সেমি হতে হবে। এসব এলাকার পুরুষ প্রার্থীদের বুকের ছাতির মাপ না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ ও ৮৫ সেমি হতে হবে। প্রার্থীদের ওজন হওয়া চাই উচ্চতার সঙ্গে মানানসই।

অসংরক্ষিত প্রার্থীরা ৫, তফশিলি প্রার্থীরা ৫+৫= ১০, ওবিসি প্রার্থীরা ৩+৫= ৮, প্রাক্তন সমরকর্মীরা ৩+৫= ৮ বছর এবং অন্যান্যরা নিয়ম অনুযায়ী বয়সের ছাড় পাবেন। পূর্ণাঙ্গ তথ্য পাবেন ওয়েবসাইটে।

প্রার্থিবাছাই হবে প্রমাণপত্র যাচাই, ক্রীড়া সাফল্য যাচাই, শারীরিক মান পরীক্ষা, মাঠ পর্যায়ের পরীক্ষা/ দক্ষতা পরীক্ষা, বিস্তারিত মেডিকেল পরীক্ষা এবং পুনঃমেডিকেল পরীক্ষা/ মেডিকেল পুনর্বিবেচনা পরীক্ষার মাধ্যমে। রিক্রুটমেন্ট ভেন্যুতে যাঁরা অ্যাডমিট কার্ড সহ রিপোর্ট করবেন তাঁদের বায়োমেট্রিক পরীক্ষা, ছবি এবং সই নেওয়া হবে। চূড়ান্ত মেধাতালিকা প্রস্তুত করা হবে রিভিউ মেডিক্যাল এক্সামিনেশনের পর মেধার ভিত্তিতে। ফলাফল পাওয়া যাবে www.recruitment.ssb.gov.in এবং মেইন ওয়েবসাইট www.ssb.gov.in –তে।

ফি বাবদ অনলাইনে অসংরক্ষিত, ইডব্লিউএস এবং ওবিসি প্রার্থীদের দিতে হবে ১০০ টাকা। তফশিলি/ মহিলা প্রার্থীদের ফি দিতে হবে না।

আবেদন করবেন অনলাইনে www.recruitment.ssb.gov.in ওয়েবসাইটের মাধ্যমে, ৭ জুনের মধ্যে। এরজন্য প্রার্থীর একটি বৈধ ই-মেইল আইডি থাকা চাই। আবেদন করার আগে বিজ্ঞপ্তি ভাল করে পড়ে নেবেন। অনলাইন দরখাস্ত পূরণের পদ্ধতি/ ফি পেমেন্ট ইত্যাদির তথ্য পাবেন ওয়েবসাইটে। আবেদনের দ্বিতীয় ধাপে (৪ থেকে ১২ কেবি সাইজের মধ্যে, জেপিজি ফর্ম্যাটে স্ক্যান করা) ছবি ও (৪ থেকে ১২ কেবি সাইজের মধ্যে, জেপিজি ফর্ম্যাটে স্ক্যান করা) সই এবং (১০০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে, পিডিএপ ফর্ম্যাটে স্ক্যান করা) যাবতীয় প্রমাণপত্র আপলোড করতে হবে। তৃতীয় ধাপে ফি পেমেন্ট করবেন। আরও বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইটে।

## ১৫০ ইঞ্জিনিয়ার, টিম

২ পাতার পর ..........

৫টি। ইলেক্ট্রিক্যাল/ ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফর্মেশন টেকনোলজির বি ই/ বি টেক অথবা কম্পিউটার অ্যাপ্লিকেশনের মাস্টার ডিগ্রি পাশরা আবেদন করতে পারেন। সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ৯ বছরের কাজের অভিজ্ঞতা থাকা চাই।

ফিল্ড ইঞ্জিনিয়ার: শূন্যপদ ৪৬টি। ইলেক্ট্রিক্যাল/ ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি/ ডিপ্লোমাধারীরা আবেদন করতে পারেন। সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ডিগ্রি পাশদের জন্য ৩ বছরের এবং ডিপ্লোমা পাশেদের জন্য ৬ বছরের কাজের অভিজ্ঞতা থাকা চাই।

ফিল্ড সুপারভাইজর: শূন্যপদ ৯১টি। ইলেক্ট্রিক্যাল/ ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন/ কম্পিউটার সায়েন্স/ ইনফর্মেশন টেকনোলজির বি ই/ বি টেক ডিগ্রি অথবা ডিপ্লোমাধারীরা আবেদন করতে পারেন। সঙ্গে ডিগ্রি পাশেদের ক্ষেত্রে ২ বছরের অথবা ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে ৪ বছরের কাজের অভিজ্ঞতা থাকা চাই।

প্রার্থীবাছাই হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

আবেদন করবেন সম্পূর্ণ বায়োডেটা দিয়ে। বায়োডেটার বয়ান পাবেন https://www.wapcos.co.in/ ওয়েসাইটে। একটি সাদা কাগজে বয়ানের প্রিন্ট নিয়ে নেবেন। পূরণ করবেন সঠিকভাবে। সঠিকভাবে পূরণ করা বায়োডেটা পাঠাবেন ২৬ মে-র মধ্যে। এই ইমেল আইডিতে: n rdss@wapcos.co.in. এই নিয়োগের নং: WAP/EXPT/TPI-RDSS/2026-27/01. আরও বিস্তারিত জানতে পারবেন ওপরে বলা ওয়েবসাইটে।

## ১০ কনসাল্ট্যান্ট

**কাজকেরিয়ার, নিজস্ব প্রতিনিধি:** কনসাল্ট্যান্ট (লিগাল) পদে ১০ জনকে নিচ্ছে ইডিসিআইএল লিমিটেডে।

অন্তত ৬০ শতাংশ নম্বর সহ আইনের ব্যাচেলর ডিগ্রি পাশরা আবেদন করতে পারেন। ৫ বছরের ইন্টিগ্রেটেড এলএলবি পাশরাও আবেদনের যোগ্য। আইনের মাস্টার ডিগ্রি পাশ হলে অগ্রাধিকার। সঙ্গে কম্পিউটারের জ্ঞান সহ ইংরেজিতে লিখতে ও কথা বলতে পারলে ভাল। বয়স ৩৫ বছর। থোক পারিশ্রমিক ৭০,০০০ টাকা।

আবেদন করবেন অনলাইনে https://www.edcilindia.co.in/ConsultantCornerForm ওয়েবসাইটের মাধ্যমে, ২২ মে-র মধ্যে। আবেদনের পূর্বে নিজের সম্পূর্ণ জীবনপঞ্জি প্রস্তুত রাখবেন। আপলোড করতে হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নং: EdCIL/MOE/LEGAL-26/01.

https://kaajcareer.in

Printed & Published by Kanika Chakraborty on behalf of Owner Kanika Chakraborty and Printed at New India Art Press, Deshbandhu Road, Bhatrapolly, Barasat, North 24 Parganas, West Bengal - 700 126 and Published at BD-72, Sector-I, Salt Lake City, Kolkata, West Bengal - 700 064, Editor: Prabir Mukhopadhyay

Editorial Office: BD-72, Sector-I, Salt Lake City, Kolkata, District- North 24 Parganas, West Bengal - 700 064, Ph: (033) 2334-3575, Mobile: +91 9434972260,
Email: editorkaajcareer@gmail.com/ kaajcareerportal@gmail.com, Web: www.kaajcareer.in,
Find us on ---- Facebook: www.facebook.com/kaajcareer, Twitter: www.twitter.com/Kaajcareer, Instagram: Kaajcareer. RNI No. WBBEN/2006/18125